# শীর্ষস্থানীয় কলেজসমূহের নির্বাচনি পরীক্ষার প্রশ্নপত্র

SURE SUCCESS

# রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা

বিষয় কোড : 2 9 2

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট **ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১▸ সন্ধানী লি. এর ব্যবস্থাপনা, পরিচালক অধিক মুনাফার আশায় তার প্রতিষ্ঠানের সকল অর্থ একটি নতুন প্রকল্পে বিনিয়োগ করেন। কিছুদিন পর প্রতিষ্ঠানটি তার দৈনন্দিন খরচ মেটাতে ব্যর্থ হলো। প্রতিষ্ঠানটি পাওনাদারদের পাওনা সময়মতো পরিশোধ করতে না পারায় পাওনাদারগণ প্রতিষ্ঠানের উপর আস্থা হারালেন। প্রতিষ্ঠানটি এখন অস্তিত্ব সংকটে ভুগছে।

ক. কাম্য মূলধন কাঠামো কী? ১
খ. তারল্য ও মুনাফার সম্পর্ক কীরূপ? ব্যাখ্যা কর। ২
গ. অর্থায়নের কোন নীতি অনুসরণ না করার ফলে প্রতিষ্ঠানটি অর্থ সংকটে ভুগছে? উত্তরের সপক্ষে মতামত দাও। ৩
ঘ. সন্ধানী লি. এর অস্তিত্ব রক্ষার্থে করণীয় কী হতে পারে? বিশ্লেষণ কর। ৪

২▸ পদ্মা ও মেঘনা কোম্পানির তথ্যাবলি নিম্নরূপ–

| প্রতিষ্ঠানের নাম | DPS (টাকা) | | | বাজারমূল্য (টাকা) | | | শেয়ারের অভিহিত মূল্য (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|
| | ২০২১ | ২০২২ | ২০২৩ | ২০২১ | ২০২২ | ২০২৩ | |
| পদ্মা কোম্পানি | ৫০ | ৫৫ | ৬০ | ২০০ | ২০০ | ২০০ | ১৫০ |
| মেঘনা কোম্পানি | ৪০ | ৪০ | ৪০ | ২০০ | ২৫০ | ৩০০ | ১৫০ |

জনাব রিফাত পদ্মা কোম্পানির শেয়ার ক্রয় করলেও জনাব সিফাত মেঘনা কোম্পানির শেয়ার ক্রয়ের চিন্তা করছেন।

ক. তারল্য কী? ১
খ. অর্থায়নে সামাজিক দায়বদ্ধতা বিষয়টি কেন গুরুত্বপূর্ণ? ব্যাখ্যা কর। ২
গ. অর্থায়নের কোন লক্ষ্য বিবেচনায় জনাব রিফাত পদ্মা কোম্পানির শেয়ার ক্রয় করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব সিফাতের মেঘনা কোম্পানির শেয়ার ক্রয়ের চিন্তাধারার সাথে তুমি কি একমত? অর্থায়নের লক্ষ্যের ভিত্তিতে ব্যাখ্যা কর। ৪

৩▸ জনাব কামাল ঢাকার উত্তরায় একটি বাড়ি তৈরি করতে চান। ঠিকাদার প্রতিষ্ঠান তাকে ৩টি প্রস্তাব দিলেন। যা নিম্নরূপ–
প্রস্তাব-১, বর্তমানে ১৫,০০,০০০ টাকা এবং আগামী ৫ বছর প্রত্যেক বছরের শুরুতে ৩,০০,০০০ টাকা করে প্রদান করবেন। সুযোগ ব্যয় ১০%।
প্রস্তাব-২, বর্তমানে ২০,০০,০০০ টাকা এবং ৪র্থ বছরের শুরুতে ১০,০০,০০০ টাকা প্রদান করবেন। প্রয়োজনীয় আয়ের হার ১২%।
প্রস্তাব-৩, বর্তমানে ১০,০০,০০০ টাকা এবং ৩য় বছরের শুরুতে ৫,০০,০০০ টাকা ৫ম বছরের শেষে ৭,০০,০০০ টাকা এবং ৭ম বছরের শুরুতে ৯,০০,০০০ টাকা প্রদান করবেন। সুযোগ ব্যয় ৯%।

ক. অগ্রিম অ্যানুইটি কী? ১
খ. "সুদ ও মুনাফা একই অর্থ বহন করে না"– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত প্রস্তাব-৩ এর বর্তমানমূল্য নির্ণয় কর। ৩
ঘ. জনাব কামালের জন্য কোন প্রস্তাবটি গ্রহণ করা লাভজনক হবে? গাণিতিক ব্যাখ্যা দাও। ৪

৪▸ জনাব জামিল সুবর্ণ ব্যাংক থেকে ৪ লক্ষ টাকা ঋণ গ্রহণ করেছেন। তিনি বার্ষিক সমান ৪টি কিস্তিতে ঐ অর্থ সুদসহ পরিশোধ করবেন। সুদের হার ১৪%। উল্লেখ্য যে, তাকে ঋণের ১ম কিস্তি ঋণ গ্রহণের তারিখেই পরিশোধ করতে হবে।

ক. বিলম্বিত বার্ষিক বৃত্তি কী? ১
খ. কখন কার্যকর সুদের হার নামিক সুদের হারের সমান হয়? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে 'সুবর্ণ ব্যাংক' এর বার্ষিক কিস্তির পরিমাণ নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে ঋণ পরিশোধ সূচি তৈরি করে প্রতি কিস্তিতে আসল ও সুদের পরিমাণ দেখাও। ৪

৫▸ মিসেস শিরিন নিয়ন কোম্পানির ২,০০০ টাকার আঙ্কিক মূল্যের ৯% কুপন রেটে ৮ বছর মেয়াদি বন্ড কেনার কথা চিন্তা করছেন। বন্ডটি ৪% অধিহারে ৫ বছর পর তলব করা যেতে পারে। বন্ডটির বাজারমূল্য ২,৫০০ টাকা এবং উত্তরণ ব্যয় ৫ টাকা। অপরদিকে বসুধা কোম্পানির একটি বন্ড বাজারে আছে, যার মেয়াদ ৬ বছর এবং সমমূল্য ৩,০০০ টাকা। কুপন রেট ১২% এবং বাজারমূল্য ২,০০০ টাকা। অধরা কোম্পানির ২,৭০০ টাকা একক মূল্যের একটি বন্ড বর্তমানে বাজারে ২,১০০ টাকায় বিক্রি হচ্ছে, যার মেয়াদ ৬ বছর। উভয় কোম্পানির প্রত্যাশিত আয়ের হার ১৩%।

ক. রূপান্তরযোগ্য বন্ড কী? ১
খ. ট্রেজারি বন্ডের আয়ের হারকে কেন ঝুঁকিমুক্ত আয়ের হার বলে? ব্যাখ্যা কর। ২
গ. 'নিয়ন কোম্পানির' বন্ডের ইল্ড টু কল নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকে মিসেস শিরিনের কোন কোম্পানির বন্ডে বিনিয়োগ করা লাভজনক? বিশ্লেষণ কর। ৪

৬▸ মিস শান্তা তার সঞ্চিত অর্থ দিয়ে ১২% অর্ধবার্ষিক সুদের হারে ১০ বছরমেয়াদি একটি বন্ড ক্রয় করার সিদ্ধান্ত নিলেন। প্রতিটি বন্ডের অভিহিত মূল্য ১০,০০০ টাকা এবং বাজারমূল্য ১২,৫০০ টাকা। মিস শান্তার প্রত্যাশিত আয়ের হার ১১%।

ক. বন্ড ইন্ডেঞ্চার কী? ১
খ. কখন বন্ডের বাজারমূল্য অভিহিত মূল্যের সমান হয়? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত মিস শান্তার বন্ডের অন্তর্নিহিত মূল্য নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপক অনুযায়ী মিস শান্তার বন্ডটির বিনিয়োগ সিদ্ধান্ত মেয়াদপূর্তিতে আয়ের হারের ভিত্তিতে মূল্যায়ন কর। ৪

৭▸ জনাব হাবিবের বিনিয়োগকৃত প্রাথমিক মূলধন ৫,০০,০০০ টাকা। তিনি এই মূলধন দুটি প্রকল্পে বিনিয়োগ করার চিন্তা করছেন। জুঁই প্রকল্পে ৬০% এবং বেলী প্রকল্পে ৪০% বিনিয়োগ করার সিদ্ধান্ত নিলেন। প্রকল্প দুটির অন্যান্য তথ্যাবলি নিম্নরূপ–

| করপূর্ব নগদ প্রবাহ | বছর | | | |
|---|---|---|---|---|
| | ১ | ২ | ৩ | ৪ |
| প্রকল্প-জুঁই | ১,৫০,০০০ | ৬০,০০০ | ৯০,০০০ | ৭০,০০০ |
| প্রকল্প-বেলী | ১,৪০,০০০ | ৮৫,০০০ | ৬৫,০০০ | ৫০,০০০ |

বিনিয়োগ থেকে প্রত্যাশিত আয়ের হার ৯% এবং ভগ্নাবশেষ মূল্য উভয় প্রকল্পের ১০,০০০ টাকা। কর হার ৩০%।

ক. মূলধন রেশনিং কী? ১
খ. পরস্পর বর্জনশীল প্রকল্পের ক্ষেত্রে কীভাবে বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণ করা হয়? ব্যাখ্যা কর। ২
গ. প্রকল্প-জুঁই এর বাট্টাকৃত পে-ব্যাক সময় নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে নিট বর্তমান মূল্য নির্ণয়পূর্বক জনাব হাবিবের বিনিয়োগ সিদ্ধান্তের যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

৮▸ নাভানা লিমিটেড নতুন মেশিন সংগ্রহের পরিকল্পনা করছে। মেশিনটির ক্রয়মূল্য ৬ লক্ষ টাকা, আয়ুষ্কাল ৫ বছর। কোম্পানিটির চলতি মূলধন এবং ভগ্নাবশেষ মূল্য যথাক্রমে ১০,০০০ টাকা ও ২০,০০০ টাকা। মেশিন ব্যবহারের ফলে অতিরিক্ত গড় নগদ প্রবাহ (করপরবর্তী) বার্ষিক ১ লক্ষ ৭০ হাজার টাকা প্রাক্কলিত হয়েছে।

ক. স্বাধীন প্রকল্প কী? ১
খ. একটি প্রকল্পের আন্তঃআয় হার ৩৫% হলে, নিট বর্তমানমূল্য কত হবে? ব্যাখ্যা কর। ২
গ. নাভানা লিমিটেডের মেশিন ক্রয়ের ক্ষেত্রে অভ্যন্তরীণ উপার্জন হার নির্ণয় কর। ৩
ঘ. নাভানা লিমিটেডের মূলধন ব্যয় ১০% এবং প্রতিষ্ঠানটি মুনাফা লভ্যতাসূচক (PI) এর ভিত্তিতে বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণ করে। মেশিনটি ক্রয়ের যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৯▸ তানিম লিমিটেড 'স্বপ্ন' কোম্পানি ও 'গল্প' কোম্পানির শেয়ারে বিনিয়োগ করলেন। বিভিন্ন অর্থনৈতিক অবস্থায় শেয়ারগুলোর অন্যান্য তথ্য নিম্নরূপ–

| অর্থনৈতিক অবস্থা | সম্ভাবনা | 'স্বপ্ন' কোম্পানি | 'গল্প' কোম্পানি |
|---|---|---|---|
| খারাপ | ০.২৫ | –০.০৯% | ০.১৫% |
| স্বাভাবিক | ০.৩৫ | ০.১১% | –০.০৫% |
| ভালো | ০.৪০ | ০.১৭% | ০.২০% |

ক. খাঁটি ঝুঁকি কী? ১
খ. বাজার ঝুঁকিকে কেন অপরিহার্য ঝুঁকি বলে? ২
গ. 'স্বপ্ন' কোম্পানি ও 'গল্প' কোম্পানির প্রত্যাশিত আয়ের হার নির্ণয় কর। ৩
ঘ. কোন প্রকল্পটি সচল রাখা 'তানিম লিমিটেডের' জন্য অধিক ঝুঁকিপূর্ণ? যুক্তিসহ মূল্যায়ন কর। ৪

১০▸ মি. আহসান চাকরি থেকে অবসর গ্রহণের পরে ৬,০০,০০০ টাকা পেয়েছেন। তিনি এই অর্থ দুই ধরনের সিকিউরিটিতে বিনিয়োগ করবেন বলে সিদ্ধান্ত নিয়েছেন। আলফা সিকিউরিটিতে ৫৫% এবং বিটা সিকিউরিটিতে অবশিষ্ট অর্থ বিনিয়োগ করবেন। নিচে দুটি সিকিউরিটির আয়ের হার ও পরিমিত ব্যবধান দেওয়া হলো–

| সিকিউরিটি | প্রত্যাশিত আয় | পরিমিত ব্যবধান | সহ-সম্বন্ধ |
|---|---|---|---|
| আলফা | ১৬% | ১১% | ০.৯০ |
| বিটা | ১২% | ১৩% | |

ক. CAPM কী? ১
খ. আয় ও ঝুঁকির মধ্যে সম্পর্ক কীরূপ? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে আহসান সাহেবের পোর্টফোলিও আয়ের হার নির্ণয় কর। ৩
ঘ. সিকিউরিটি দুইটির সহ-সম্বন্ধ +১ হতে –১ হলে ঝুঁকির উপর কী প্রভাব পড়বে তা বিশ্লেষণ কর। ৪

১১▸ জনাব নোমান একজন বিনিয়োগকারী। তিনি তিন ধরনের সিকিউরিটিতে বিনিয়োগ করেন। তার বিনিয়োগের পরিমাণ এবং ঝুঁকির পরিমাণ নিম্নরূপ–

| সিকিউরিটি | বিনিয়োগের পরিমাণ | বিটা |
|---|---|---|
| ক | ৫,০০,০০০ | ০.৮৫ |
| খ | ৪,০০,০০০ | ১.৪০ |
| গ | ৩,০০,০০০ | ১.২০ |

উল্লেখ্য, ঝুঁকিমুক্ত আয়ের হার ৯% এবং বাজার পোর্টফোলিও এর প্রত্যাশিত আয়ের হার ১৭%।

ক. মূলধনী লাভ কী? ১
খ. আর্থিক ঝুঁকি কীভাবে সৃষ্টি হয়? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের সিকিউরিটিগুলোর পোর্টফোলিও বিটা নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে পোর্টফোলিও প্রয়োজনীয় আয়ের হার নির্ণয় কর। ৪

# আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, মতিঝিল, ঢাকা

বিষয় কোড : 2 9 2

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

## ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১। জনাব আজাদ একজন আর্থিক ব্যবস্থাপক। তিনি ব্যবসায়ের বিনিয়োগযোগ্য ফান্ড ২০ লক্ষ টাকার মধ্যে ১২ লক্ষ টাকা শেয়ারবাজারে বিনিয়োগ করতে আগ্রহী। অবশিষ্ট ৮ লক্ষ টাকা ব্যবসার প্রসারে নতুন প্রকল্পে বিনিয়োগ করতে চিন্তা করেন। এক্ষেত্রে তিনি তিনটি প্রকল্পে বিনিয়োগ করেন। প্রথম প্রকল্পে তিনি ক্ষতির সম্মুখীন হন কিন্তু ২য় ও ৩য় প্রকল্পে তিনি মুনাফা অর্জন করেন।

ক. সামাজিক দায়বদ্ধতা কাকে বলে? ১
খ. মুনাফা সর্বাধিকরণ কেন ফার্মের চূড়ান্ত লক্ষ্য নয়? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে অর্থায়নে কোন কার্যাবলির কথা বলা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব আজাদ ব্যবসায় পরিচালনার কোন নীতি অনুসরণ করেছেন?– নীতিটি ব্যবহারের যথার্থতা আলোচনা কর। ৪

২। জনাব সাহেদ ববি ফেব্রিক্স লি.-এর আর্থিক ব্যবস্থাপক। ববি ফেব্রিক্স লি. ২০২৪ সালে ৫০ কোটি টাকা মুনাফা করে। জনাব সাহেদ এ বছর অর্জিত মুনাফার ৪০% লভ্যাংশ হিসেবে শেয়ারমালিকদের মাঝে বণ্টন করার সিদ্ধান্ত গ্রহণ করেন এবং অবশিষ্ট অর্থ ভবিষ্যতের জন্য সংরক্ষণ করেন। এই সিদ্ধান্তের ফলে তার প্রতিষ্ঠানের শেয়ারের বাজারমূল্য গত বছরের তুলনায় বৃদ্ধি পেয়েছে।

ক. ব্যবসায় অর্থায়ন কী? ১
খ. ঝুঁকি ও মুনাফার মধ্যে কেমন সম্পর্ক বিদ্যমান? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত জনাব সাহেদের কার্যক্রম আর্থিক ব্যবস্থাপকের কোন সিদ্ধান্তের অন্তর্গত? ৩
ঘ. "ববি ফেব্রিক্স লি. অর্থায়নের মূল লক্ষ্য অর্জন করতে পেরেছে।"– উক্তিটির যথার্থতা মূল্যায়ন কর। ৪

৩। জনাব আবুল বাসেত তার পরিবারের জন্য একটি গাড়ি ক্রয়ের সিদ্ধান্ত নিয়েছেন। যার লক্ষ্যে তিনি ইন্টারন্যাশনাল লিজিং লি. হতে ২২ লক্ষ টাকা ১০% সুদের হারে ঋণ গ্রহণ করেন। তিনি আগামী ৪ বছর প্রতি বছরের শেষে সমপরিমাণ টাকা ঋণের কিস্তি হিসেবে পরিশোধ করবেন।

ক. চক্রবৃদ্ধিকরণ কাকে বলে? ১
খ. বিধি-৬৯ কখন ব্যবহৃত হয়? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে ইন্টারন্যাশনাল লিজিং লি. কোম্পানির ঋণের কার্যকরী সুদের হার নির্ণয় কর। ৩
ঘ. "ঋণ পরিশোধ সূচিতে জনাব আবুল বাসেতের পরিশোধিত আসলের পরিমাণ ক্রমাগত বৃদ্ধি পাবে।"– উক্তিটির যথার্থতা গাণিতিকভাবে মূল্যায়ন কর। ৪

৪। জনাব আলম একজন অবসরপ্রাপ্ত সরকারি কর্মকর্তা। তিনি অবসর হতে প্রাপ্ত ভাতা দিয়ে একটি বাড়ি কিনতে আগ্রহী। বাড়িটির বর্তমান মালিক তাকে দুটি প্রস্তাব দিয়েছেন।
প্রথম প্রস্তাব : বাড়ির মূল্য বাবদ ৫০ লক্ষ টাকা সমান বার্ষিক কিস্তিতে আগামী ৪ বছরে পরিশোধ করা।
দ্বিতীয় প্রস্তাব : বাড়ির মূল্য বাবদ নগদ ১,০০,০০০ টাকা এবং ১ম বছর শেষে ৫০,০০,০০০ টাকা ২য় বছর শেষে ৭০,০০,০০০ টাকা এবং ৩য় ও ৪র্থ বছর শেষে ৪০,০০,০০০ টাকা পরিশোধ করা।

ক. মিশ্র নগদ প্রবাহ কাকে বলে? ১
খ. সুদের হার কীভাবে বিনিয়োগ সিদ্ধান্তকে প্রভাবিত করে? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের প্রথম প্রস্তাবের বর্তমান মূল্য নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকে জনাব আলমের বাড়ি ক্রয়ে কোন প্রস্তাব গ্রহণ করা উচিত তা গাণিতিকভাবে বিশ্লেষণ কর ও সিদ্ধান্ত দাও। ৪

৫। মিসেস জেরিন একজন চাকরিজীবী। তিনি বার্ষিক ১০% চক্রবৃদ্ধি সুদের ৫০,০০০ টাকা সুরমা ব্যাংকে আমানত হিসেবে জমা করলেন। নির্দিষ্ট সময় পর তার আমানত ৮০,০০০ টাকায় পরিণত হবে। অপরদিকে তার সহকর্মী মিসেস মৌরিন ১০ বছর পর ১৫ লক্ষ টাকা দিয়ে একটি গাড়ি ক্রয় করতে চান। সেই উদ্দেশ্যে তিনি প্রতি মাসে বেতনের ১৫% যমুনা ব্যাংকে জমা রাখেন। তার মাসিক বেতন ৪০,০০০ টাকা। উক্ত ব্যাংকের সুদের হার ১০%।

ক. বিলম্বিত বার্ষিক বৃত্তি কী? ১
খ. চক্রবৃদ্ধির সংখ্যা হ্রাস পেলে প্রকৃত সুদের হারের উপর কী প্রভাব পড়বে? ব্যাখ্যা কর। ২
গ. মিসেস জেরিনের আমানতকৃত অর্থ কত বছর পর ৮০,০০০ টাকায় পরিণত হবে? ৩
ঘ. উদ্দীপকে মিসেস মৌরিন যমুনা ব্যাংক হতে প্রাপ্ত অর্থ দিয়ে কী গাড়িটি ক্রয় করতে পারবেন? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৬। মিসেস প্রমিতি তার সঞ্চিত অর্থ বিনিয়োগ করতে চান। বাজার বিশ্লেষণ করে তিনি নিম্নোক্ত বন্ডগুলো বিবেচনা করছেন।

| বন্ড | অভিহিত মূল্য | কুপন হার | বাজারমূল্য | মেয়াদ | প্রত্যাশিত আয়ের হার |
|---|---|---|---|---|---|
| P | ১,০০০ | ১২% | ১০% অধিহারে বিক্রয় | ১০ বছর | মেয়াদপূর্তি আয়ের হারের সমান |
| Q | ১,০০০ | – | ৬০০ | ১০ বছর | ৫% |
| R | ১,০০০ | ১৩% | সমহারে বিক্রয় | – | ১৪% |

মিসেস প্রমিতি 'Q' বন্ডে বিনিয়োগের সিদ্ধান্ত নেন।

ক. মাধ্যমিক বাজার কী? ১
খ. একটি বন্ড কখন অবহারে বিক্রয় হয়? ব্যাখ্যা কর। ২
গ. 'P' বন্ডের মেয়াদপূর্তিতে আয়ের হার নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকে মিসেস প্রমিতির বিনিয়োগ সিদ্ধান্তের যৌক্তিকতা অন্তর্নিহিত মূল্যের ভিত্তিতে মূল্যায়ন কর। ৪

৭। জনাব সৌরভ সম্প্রতি চাকরি থেকে অবসরে গেছেন। তিনি তার পেনশন হতে প্রাপ্ত টাকার কিছু অংশ বিনিয়োগ করতে আগ্রহী। তিনি নিচের কোম্পানিসমূহের বন্ড নিয়ে বিশ্লেষণ করছেন–

| বন্ড | লিখিত মূল্য | মেয়াদ | কুপন হার | বাজারমূল্য |
|---|---|---|---|---|
| সোনালি লি. | ১,০০০ | ১০ বছর | ১২% | ১,০৮৫ |
| শ্যামলী লি. | ১,০০০ | ১০ বছর | ১২% | ৯৭৫ |
| জনতা লি. | ১,০০০ | ৫ বছর | ৯% | ১,২০০ |

সোনালি লি. অর্ধ-বার্ষিক ভিত্তিতে সুদ প্রদান করে। জনাব সৌরভ বিনিয়োগ হতে মেয়াদপূর্তিতে সর্বোচ্চ আয়ের হার নিশ্চিত করতে চান।

ক. রাইট শেয়ার কী? ১
খ. "বন্ড ইস্যু করা প্রতিষ্ঠানের জন্য লাভজনক"– ব্যাখ্যা কর। ২
গ. সোনালি লি.-এর বন্ডটি ৩ বছর পর ৪% অধিহারে তলবযোগ্য হলে তলবি আয়ের হার কত? ৩
ঘ. উদ্দীপকে জনাব সৌরভের শ্যামলী লি. ও জনতা লি. এর বন্ডের মধ্যে কোন বন্ডে বিনিয়োগ বেশি লাভজনক? গাণিতিক যুক্তিসহ ব্যাখ্যা কর। ৪

৮। জনাব ফাহাদ সুমনা (প্রা.) লি. এর আর্থিক ব্যবস্থাপক। তার হাতে পরস্পর বর্জনশীল দুটি বিনিয়োগ প্রকল্প রয়েছে। প্রতিটি প্রকল্পের ভগ্নাবশেষ মূল্য ১০,০০০ টাকা। সরলরৈখিক পদ্ধতিতে অবচয় ধার্য করা হয়। জনাব ফাহাদ প্রকল্প মূল্যায়নে বাট্টাকৃত নগদ প্রবাহ পদ্ধতি ব্যবহার করেন। প্রকল্প দুটির তথ্যাবলি নিম্নরূপ–

| প্রকল্প | অবচয় ও করপূর্ব মুনাফা (টাকা) | | | |
|---|---|---|---|---|
| | বছর-০ | বছর-১ | বছর-২ | বছর-৩ |
| ক | –১,০০,০০০ | ৭২,০০০ | ৬৬,০০০ | ৬৫,০০০ |
| খ | –১,০০,০০০ | ৪২,০০০ | ৪৬,০০০ | ৩৭,০০০ |

বাট্টার হার ১৪% এবং কর হার ৪০%।

ক. অবচয় কী? ১
খ. মূলধন ব্যয়ের সাথে নিট বর্তমান মূল্যের কী ধরনের সম্পর্ক বিদ্যমান? ব্যাখ্যা কর। ২
গ. প্রকল্প 'ক'-এর পরিশোধকাল নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে জনাব ফাহাদের কোন প্রকল্প গ্রহণ করা উচিত? বিশ্লেষণ কর। ৪

৯। সামিট প্রিন্টিং প্রেসের মালিক জনাব রাহাত একটি নতুন মেশিন স্থাপন করতে চান যার ক্রয়মূল্য ৪,০০,০০০ টাকা। মেশিনটির সংস্থাপন ব্যয় ২০,০০০ টাকা এবং আয়ুষ্কাল ৪ বছর, আগামী ৪ বছর মেশিনের সম্ভাব্য করপূর্ববর্তী নগদ আন্তঃপ্রবাহ নিম্নরূপ–

| বছর | করপূর্ববর্তী নগদ প্রবাহ |
|---|---|
| ১ | ১,৬৫,০০০ টাকা |
| ২ | ১,৫৫,০০০ টাকা |
| ৩ | ১,৩৫,০০০ টাকা |
| ৪ | ১,১৫,০০০ টাকা |

প্রতিষ্ঠানটির মূলধন ব্যয় ১০%, কর হার ৪০% এবং চলতি মূলধনের পরিমাণ ৩০,০০০ টাকা।

ক. মূলধন বরাদ্দকরণ কী? ১
খ. মূলধন বাজেটিং কীভাবে প্রতিষ্ঠানের মুনাফার্জন ক্ষমতা বৃদ্ধি করে? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত মেশিনটির গড় উপার্জন হার নির্ণয় কর। ৩
ঘ. নিট বর্তমান মূল্যের ভিত্তিতে উদ্দীপকে উল্লিখিত মেশিনটির গ্রহণযোগ্যতা গাণিতিকভাবে যাচাই কর। ৪

১০। জনাব মিথুন মুনাফা ও ঝুঁকি বিশ্লেষণ করে বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণ করতে আগ্রহী। বিনিয়োগের উদ্দেশ্যে তিনি নিচের দুটি সিকিউরিটির তথ্যাদি বিবেচনা করছেন–

| অর্থনৈতিক অবস্থা | সম্ভাবনা | আয়ের হার | |
|---|---|---|---|
| | | সিকিউরিটি-P | সিকিউরিটি-Q |
| মন্দাভাব | ০.৪০ | ৮% | ২% |
| স্বাভাবিক | ০.৩০ | ১২% | ২০% |
| তেজীভাব | ০.৩০ | ১৬% | ৩০% |
| গড় আয় | – | ? | ১৫.৮০% |
| আদর্শ বিচ্যুতি | – | ? | ১১.৯১% |

জনাব মিথুনের বন্ধু তাকে পরামর্শ দিলেন একটি সিকিউরিটিতে বিনিয়োগ না করে দুটি সিকিউরিটির মাধ্যমে পোর্টফোলিও তৈরি করতে। বন্ধুর পরামর্শ অনুযায়ী তিনি দুটি সিকিউরিটিতে সমান অনুপাতে বিনিয়োগ করেন এবং সিকিউরিটি 'P' ও 'Q'-এর সহ-সম্বন্ধ হলো ০.৯৫।

ক. প্রত্যাশিত আয় কী? ১
খ. "দুটি সিকিউরিটির সহ-সম্বন্ধ ০.২০"– কথাটির অর্থ ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের আলোকে সিকিউরিটি 'P'-এর আদর্শ বিচ্যুতি নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকে জনাব মিথুনের পোর্টফোলিও বিনিয়োগের যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

১১। শাহীন ও শামীম দুইজন ঘনিষ্ঠ বন্ধু। তারা উভয়ই নিয়মিত শেয়ার বাজারে বিনিয়োগ করেন। শাহীন 'আলফা' কোম্পানির শেয়ারে এবং শামীম 'বিটা' কোম্পানির শেয়ারে সমানভাবে বিনিয়োগ করলেন। নিম্নে শেয়ার দুইটি হতে গত পাঁচ বছরের আয় উল্লেখ করা হলো :

| বছর | আয়ের হার (%) | |
|---|---|---|
| | 'আলফা' কোম্পানি | 'বিটা' কোম্পানি |
| ২০২০ | ৩০ | ২০ |
| ২০২১ | ২১ | ১৫ |
| ২০২২ | ১৬ | ৩২ |
| ২০২৩ | ১৯ | ১২ |
| ২০২৪ | ২০ | ১৪ |

ক. পরিমিত ব্যবধান কী? ১
খ. ব্যবসায়িক ঝুঁকি কীভাবে সৃষ্টি হয়? ব্যাখ্যা কর। ২
গ. শাহীনের বিনিয়োগের ঝুঁকির পরিমাণ নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত তথ্যের আলোকে শাহীন ও শামীমের মধ্যে কার বিনিয়োগ অধিক ঝুঁকিপূর্ণ? গাণিতিক বিশ্লেষণ কর। ৪

# সরকারি আজিজুল হক কলেজ, বগুড়া

বিষয় কোড : 2 9 2

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

## ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১▶ মেঘনা লি. কয়েক বছর ধরে তাদের ব্যবসায় সুনামের সাথে পরিচালনা করছে। প্রতিষ্ঠানটি তাদের স্বার্থসংশ্লিষ্ট সব পক্ষের সাথে যোগাযোগ রক্ষা করে চলে। গত বছর প্রতিষ্ঠানটি শ্রেষ্ঠ করদাতা নির্বাচিত হয় এ ছাড়া মেঘনা লি. তাদের শ্রমিকদের বিনামূল্যে চিকিৎসার জন্য একটি হাসপাতাল প্রতিষ্ঠা করেছে। শ্রমিক সন্তুষ্টির মাধ্যমে মেঘনা লি. এর উৎপাদন ও মুনাফা বাড়ে, যার মাধ্যমে প্রতিষ্ঠানটি শেয়ারপ্রতি লভ্যাংশের পরিমাণ বাড়ায়। এর ফলে প্রতিষ্ঠানের শেয়ারের দাম আগের তুলনায় বেড়েছে।

ক. সম্পদ সর্বাধিকরণ কী? ১
খ. তারল্য ও মুনাফা নীতি কী? ব্যাখ্যা কর। ২
গ. মেঘনা লি. অর্থায়নের কোন লক্ষ্য অর্জন করতে পেরেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. মেঘনা লি. হাসপাতাল প্রতিষ্ঠা করে সামাজিক দায়বদ্ধতা পালন করেছে— তুমি কি একমত? বিশ্লেষণ কর। ৪

২▶ জনাব সানি একটি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান থেকে সদ্য অবসর নিয়েছেন। তিনি গ্র্যাচুইটি হিসাবে ৮ লক্ষ টাকা পান। তিনি উক্ত টাকা ৫ বছরের জন্য জমা রাখতে চান। তার কাছে দুটি ব্যাংকের প্রস্তাব রয়েছে। ডাকঘর সঞ্চয়ী ব্যাংক ১৩% হারে সরল সুদ দিতে আগ্রহী এবং মেঘনা ব্যাংক ১২% হারে চক্রবৃদ্ধি সুদ দিতে আগ্রহী। ব্যাংক ছাড়াও প্রাইম লাইফ ইন্স্যুরেন্স কোম্পানি লি. থেকে ৫ বছর শেষে ১২ লক্ষ টাকা প্রাপ্তির একটি বিকল্প প্রস্তাব তার কাছে আছে।

ক. মিশ্র নগদ প্রবাহ কী? ১
খ. প্রান্তিক মূল্য বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
গ. মেঘনা ব্যাংকে জমা রাখলে ৫ বছর পর কত টাকা পাবেন? ৩
ঘ. উদ্দীপকের তিনটি বিকল্প প্রস্তাবের মধ্যে জনাব সানি কোন প্রস্তাবটি গ্রহণ করবেন? যুক্তিসহ বুঝিয়ে দাও। ৪

৩▶ মুন কোম্পানির নগদ প্রবাহ নিম্নরূপ :

| বছর | ০ | ১ | ২ | ৩ | ৪ |
|---|---|---|---|---|---|
| নগদ আন্তঃপ্রবাহ (টাকায়) | (১,০০,০০০) | ৩০,০০০ | ৩৫,০০০ | ৪০,০০০ | ৩৮,০০০ |

বাট্টার হার ১০%।

ক. স্বাধীন প্রকল্প কী? ১
খ. মূলধন রেশনিং বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
গ. মুন কোম্পানির নিট বর্তমান মূল্য নির্ণয় কর। ৩
ঘ. অভ্যন্তরীণ আয়ের হারের ভিত্তিতে মুন কোম্পানির বিনিয়োগ সিদ্ধান্ত মূল্যায়ন কর। ৪

৪▶ জনাব রিফাত পূর্বাচল সমবায় সমিতি থেকে ১০% অর্ধবার্ষিক চক্রবৃদ্ধি সুদে ১৫ লক্ষ টাকা ঋণ গ্রহণ করেছেন যা তিনি আগামী তিন বছর পর এককালীন পরিশোধ করবেন। অন্যদিকে জনাব সিফাত পদ্মা ব্যাংক লি. থেকে বার্ষিক ১০% সুদের হারে এক লক্ষ টাকা ঋণ গ্রহণ করেছেন। তিনি আগামী তিন বছরব্যাপী প্রতি বছর শেষে ঋণের কিস্তি ৪০,২১১ টাকা পরিশোধ করবেন।

ক. অর্থের সময়মূল্য কাকে বলে? ১
খ. চক্রবৃদ্ধি হারে প্রকৃত সুদের হার পরিবর্তিত হয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত জনাব রিফাত ৩ বছর পর মোট কত টাকা পরিশোধ করবেন? ৩
ঘ. জনাব সিফাত ঋণ পরিশোধ সূচি তালিকা প্রস্তুত কর। ঋণ পরিশোধ তালিকায় পরিশোধিত সুদের পরিমাণ প্রতি বছর ক্রমাগত হ্রাস পাবে তুমি কি একমত? ৪

৫▶ মনে কর, জনাব নাবীলের দুটি প্রকল্পে বিনিয়োগের সুযোগ আছে। প্রকল্প দুটি হলো ক ও খ। প্রকল্প দুটির তথ্যাবলি নিম্নরূপ :

| অর্থনৈতিক অবস্থা | সম্ভাবনা | আয়ের হার | |
|---|---|---|---|
| | | স্টক-ক | স্টক-খ |
| মন্দাভাব | ২০% | ২০% | ২০% |
| স্বাভাবিক অবস্থা | ৫০% | ৩০% | ৩০% |
| চাঙ্গাভাব | ৩০% | ৫০% | ৩৫% |

ক. বিভেদাঙ্ক কী? ১
খ. পরিহারযোগ্য ও অপরিহারযোগ্য ঝুঁকির মধ্যে পার্থক্য লেখ। ২
গ. উদ্দীপকের আলোকে প্রকল্প খ এর পরিমিত ব্যবধান নির্ণয় কর? ৩
ঘ. প্রকল্প ক ও খ এর মধ্যে কোন প্রকল্পটি ঝুঁকিপূর্ণ? মন্তব্য কর ৪

৬▶ বিহন লি. এর বিনিয়োগের প্রস্তাব আছে। প্রতিটি প্রকল্পের প্রাথমিক বিনিয়োগ ৫০,০০০ টাকা। প্রতিষ্ঠানটির সুযোগ ব্যয় হলো ১০%। প্রকল্প দুটির বার্ষিক আন্তঃপ্রবাহ নিচে দেওয়া হলো :

| বছর | প্রকল্প ক (টাকা) | প্রকল্প খ (টাকা) |
|---|---|---|
| ০১ | ৩০,০০০ | ২৫,০০০ |
| ০২ | ২০,০০০ | ২৫,০০০ |
| ০৩ | ১৫,০০০ | ২৫,০০০ |
| ০৪ | ১০,০০০ | ২৫,০০০ |

ক. সুযোগ ব্যয় কী? ১
খ. মূলধন বাজেটিংয়ের সনাতনী পদ্ধতি বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের উল্লিখিত ২টি প্রকল্পের পে-ব্যাক সময় নির্ণয় কর ৩
ঘ. প্রকল্প দুটির NPV নির্ণয় করে বিহন লি. কে প্রকল্পের গ্রহণযোগ্যতার ব্যাপারে পরামর্শ দাও। ৪

৭▶ সুমি ঢাকা বিশ্ববিদ্যালয়ের একজন ছাত্রী। তিনি সুষ্ঠুভাবে ঝুঁকি আয় বিশ্লেষণ করে বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণ করতে আগ্রহী। বিনিয়োগের উদ্দেশ্যে তিনি নিম্নোক্ত সিকিউরিটির তথ্যাবলি বিবেচনা করছেন :

| সম্ভাবনা | প্রত্যাশিত আয় | |
|---|---|---|
| | সিকিউরিটি A | সিকিউরিটি B |
| .৩০ | .১০ | .০৫ |
| .৫০ | .১২ | .২০ |
| .২০ | .১৪ | .০২ |
| প্রত্যাশিত আয় | ০.১২ | .০৭১০ |
| পরিমিত ব্যবধান | ০.০১৫৫ | ০.১০৮৮ |

সুমি সিকিউরিটি A তে ৪০% এবং সিকিউরিটি B তে ৬০% বিনিয়োগ করবেন।

ক. ঝুঁকিমুক্ত আয়ের হার কী? ১
খ. আয় ও ঝুঁকির মধ্যে কী ধরনের সম্পর্ক ব্যাখ্যা কর। ২
গ. সুমির পোর্টফোলিও আয় নির্ণয় কর। ৩
ঘ. সুমি সিকিউরিটি B কে অধিক ঝুঁকিপূর্ণ বলে অভিহিত করেছেন-উক্তিটির যথার্থতা মূল্যায়ন কর। ৪

৮▶ জনাব সৈকত তার ব্যাংকে সঞ্চয়কৃত অর্থ বিনিয়োগ করতে চাইছেন। তার দুটি বন্ডে বিনিয়োগের সুযোগ আছে। বন্ড দুটির তথ্যবলি নিম্নরূপ:

| বন্ড | কুপন সুদের হার | বাজারমূল্য | মেয়াদ | অভিহিত মূল্য |
|---|---|---|---|---|
| ক | ১২% | ৯০০ টাকা | ১২ | ১,০০০ টাকা |
| খ | - | ৯৫০ টাকা | ১০ বছর | ১,২০০ টাকা |

ক. চিরস্থায়ী বন্ড কী? ১
খ. মর্টগেজ বন্ড কী? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে বর্ণিত ক বন্ডের বর্তমান মূল্য নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে জনাব সৈকত কোন বন্ডে বিনিয়োগ করা উচিত? বিশ্লেষণ কর। ৪

৯▶ জনাব রাব্বি ১০০০ টাকা লিখিত মূল্যে ১২% কুপন হার সুদে ১০ বছর মেয়াদি একটি বন্ড ক্রয় করার কথা ভাবছেন। বন্ডটির বাজারে বিক্রয়মূল্য ১,০৮০ টাকা। ৭ বছর শেষে বন্ডটি ২% অধিহারে তলব করা হয়। বন্ডটির প্রত্যাশিত আয়ের হার ১১%।

ক. IPO কী? ১
খ. কখন বন্ডের বাজারমূল্য অভিহিত মূল্যের সমান হয়? ব্যাখ্যা কর। ২
গ. YTC নির্ণয় কর। ৩
ঘ. বন্ডটির বাজারমূল্য ১০৬৫ টাকা হলে জনাব রাব্বির কি বন্ডটি ক্রয় করা উচিত হবে? গাণিতিক ব্যাখ্যাসহ মন্তব্য কর। ৪

১০▶ জনাব রনি Y লি. এর আর্থিক ব্যবস্থাপক। তিনি কোম্পানির মুনাফার জন্য কিছু অংশ লাভজনক প্রকল্পে বিনিয়োগ করতে চান। জনাব রনির বিনিয়োগের দুটি প্রকল্প রয়েছে। উভয় প্রকল্পের মেয়াদকাল ৫ বছর এবং করের হার ৫০%। প্রকল্প দুটির অবচয় ও কর পূর্ববর্তী মুনাফার বিবরণ নিম্নে দেওয়া হলো :

| বছর | প্রকল্প ক | প্রকল্প খ |
|---|---|---|
| ১ | ৪০,০০০ | ৭০,০০০ |
| ২ | ৪০,০০০ | ৬০,০০০ |
| ৩ | ৪০,০০০ | ৫০,০০০ |
| ৪ | ৪০,০০০ | ৫৫,০০০ |
| ৫ | ৪০,০০০ | ৪০,০০০ |

দুটি প্রকল্পেরই প্রাথমিক বিনিয়োগ ৫০,০০০ টাকা। প্রকল্প দুটির ভগ্নাবশেষ মূল্য যথাক্রমে ৪,০০০ ও ৫,০০০ টাকা।

ক. প্রকল্প কী? ১
খ. মূলধন বাজেটিং সিদ্ধান্ত অনুমাননির্ভর কেন? ব্যাখ্যা কর। ২
গ. প্রকল্প ক এর পরিশোধকাল নির্ণয় কর। ৩
ঘ. দুটি প্রকল্পের মধ্যে কোন প্রকল্পটি অধিক গ্রহণযোগ্য বলে তুমি মনে কর? উদ্দীপকের আলোকে তা বিশ্লেষণ কর। ৪

১১▶ মি. রহমান মেঘনা কোম্পানির ব্যবস্থাপক। কাঁচামালের মূল্য কমে যাওয়ায় বেশি মুনাফার আশায় তিনি কোম্পানির মোট মূলধনের প্রায় সম্পূর্ণ অর্থ দিয়ে কাঁচামাল কিনে রাখেন। কিন্তু কয়েক মাস পর তিনি বেশকিছু সমস্যার সম্মুখীন হন। এতে কোম্পানির সুনাম মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হয়।

ক. ব্যবসায় ঋণ কী? ১
খ. মানি লন্ডারিং বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকে উল্লিখিত মি. রহমান মূলত কী কী সমস্যার সম্মুখীন হয়েছিলেন? ৩
ঘ. অর্থায়নের কোন নীতি না মানার কারণে তাকে এ সমস্যার সম্মুখীন হতে হয়? বিশ্লেষণ কর। ৪

# সরকারি মাইকেল মধুসূদন কলেজ, যশোর

বিষয় কোড : 2 9 2

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

## ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ▼ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১▶ কাপ্তাই লি. একটি ম্যানুফেকচারিং প্রতিষ্ঠান। তারা বিগত বছরের তুলনায় চলতি বছরে বিক্রয় ও পণ্যের মূল্য বৃদ্ধি করে এবং এতে করে তাদের মুনাফার পরিমাণও বৃদ্ধি পায়। মুনাফার অধিকাংশ তারা লভ্যাংশ হিসেবে প্রদান করে এতে প্রতিষ্ঠানটির শেয়ারপ্রতি আয় বৃদ্ধি পেলেও শেয়ারের বাজারমূল্য অপরিবর্তিত থাকে। অপরদিকে আত্রাই লি. ও একটি সমজাতীয় প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটির মুনাফা ভালো হলেও তারা কম পরিমাণ লভ্যাংশ প্রদান করে যাতে ব্যবসায় সম্প্রসারণ করা যায়। প্রতিষ্ঠানটির শেয়ারের বাজারমূল্য প্রতিবছরে বৃদ্ধি পেতে থাকে।

ক. ব্যবসায়ের নৈতিকতা কী? ১
খ. "অর্থায়নে মুনাফা ও তারল্যের মধ্যে সমমুখী সম্পর্ক বিদ্যমান"– তুমি কি একমত? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে কাপ্তাই লি. অর্থায়নের কোন লক্ষ্য অনুসরণ করেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. কাপ্তাই লি. ও আত্রাই লি. প্রতিষ্ঠান দুটির মধ্যে কোন প্রতিষ্ঠানটি দীর্ঘমেয়াদে টিকে থাকবে? উদ্দীপকের আলোকে অর্থায়নের লক্ষ্যের ভিত্তিতে যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪

২▶ জনাব আরমান কপোতাক্ষ কোম্পানি লি. এর একজন সাধারণ শেয়ারহোল্ডার। কোম্পানিটি তাদের মুনাফার কিছু অংশ শেয়ারহোল্ডারদের মাঝে বণ্টন করে এবং একটি বড় অংশ বিনিয়োগের জন্য সংরক্ষণ করে। উক্ত কোম্পানি বিনিয়োগের ক্ষেত্রে উচ্চ মুনাফাযুক্ত প্রকল্পকে বেছে নেয়। পর্যাপ্ত তারল্য সংরক্ষণের ব্যাপারেও কোম্পানিটির তেমন মনোযোগ নেই।

ক. লিভারেজ কী? ১
খ. সামষ্টিক অর্থনীতিতে বিনিয়োগের ক্ষেত্রে অর্থায়ন কী ভূমিকা পালন করে? ব্যাখ্যা কর। ২
গ. কপোতাক্ষ কোম্পানির মুনাফা বণ্টনের কাজটি অর্থায়নের কোন সিদ্ধান্তের অন্তর্গত? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত বিনিয়োগ সিদ্ধান্তের ফলে কোম্পানিটি কোন ধরনের সমস্যায় পড়তে পারে? অর্থায়নের নীতির আলোকে বিশ্লেষণ কর। ৪

৩▶ মি. বিপ্লব ২০ বছর পর একটি বাড়ি কিনতে চাচ্ছেন যার বর্তমান মূল্য ১,৮৫,০০০ টাকা। মি. বিপ্লব আশা করছেন আগামী ১২ বছর ধরে মুদ্রাস্ফীতি ৬% এবং পরবর্তী বছরগুলোতে মুদ্রাস্ফীতি ৭% করে হবে। এই বিষয়টি বিবেচনা করে তিনি ১০% সুদের হারে প্রতি মাসের শেষে দীপ্ত ব্যাংকের একটি সঞ্চয়ী হিসাবে নির্দিষ্ট পরিমাণ টাকা জমা রাখতে চান যাতে ২০ বছর পর তিনি বাড়িটি কিনতে সক্ষম হন। অন্যদিকে প্রদীপ্ত ব্যাংক মাসিক ৯০০ টাকা কিস্তি প্রদানসাপেক্ষে ২০ বছর পর বাড়ি কিনার সম্পূর্ণ অর্থ প্রদান করার প্রস্তাব দেয়।

ক. সময় অগ্রাধিকার হার কী? ১
খ. সুদের হার হ্রাস এককালীন নগদ প্রবাহের বর্তমান মূল্যের উপর কী প্রভাব ফেলে? ব্যাখ্যা কর। ২
গ. মি. বিপ্লবের ২০ বছর পর বাড়িটি ক্রয় করতে কত টাকার প্রয়োজন হবে? ৩
ঘ. দীপ্ত ব্যাংক ও প্রদীপ্ত ব্যাংকের মধ্যে কার প্রস্তাবটি মি. বিপ্লবের জন্য লাভজনক হবে? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৪▶ রেহান তার বাবার নিকট একটি মোটরসাইকেল চাইল। তার বাবা তাকে ৩ বছর পর মোটরসাইকেল কিনে দেওয়ার অঙ্গীকার করেন এবং এই লক্ষ্যে ১০% সুদে একটি ব্যাংকে প্রতিমাসের শুরুতে টাকা জমা করতে চান। ৩ বছর পর মোটরসাইকেল কিনতে ১,৫০,০০০ টাকার প্রয়োজন হবে। অন্যদিকে, আবিদ মাত্র একাদশ শ্রেণিতে ভর্তি হয়েছে। তার কলেজে যাতায়াত বাবদ আগামী ২ বছর পর্যন্ত প্রতিমাসে ৮০০ টাকা খরচ হবে। তার বাবা মিতব্যয়িতার কথা চিন্তা করে তাকে ১৬,০০০ টাকা দিয়ে একটি বাইসাইকেল কিনে দেওয়ার সিদ্ধান্ত গ্রহণ করেন।

ক. বিলম্বিত বার্ষিক বৃত্তি কী? ১
খ. "প্রকল্পের সম্ভাব্যতা যাচাইয়ের ক্ষেত্রে অর্থের সময় মূল্য বিবেচনা করা অপরিহার্য"– ব্যাখ্যা কর। ২
গ. মোটরসাইকেল কেনার জন্য রেহানের বাবাকে প্রতিমাসের শুরুতে কত টাকা করে ব্যাংকে জমা করতে হবে? ৩
ঘ. প্রত্যাশিত আয়ের হার ১২% ধরে আবিদের বাবার মিতব্যয়িতার সিদ্ধান্তটি মূল্যায়ন কর। ৪

৫▶ জনাব ফাহাদ ব্যাংক থেকে ২ বছর মেয়াদি ৪,৫০,০০০ টাকার ঋণ গ্রহণ করেছেন। তাকে ঋণের অর্থ অর্ধ বার্ষিক কিস্তিতে পরিশোধ করতে হবে। উল্লেখ্য, প্রথম কিস্তি ঋণ গ্রহণের তারিখেই পরিশোধ করতে হবে। ঋণের বার্ষিক সুদের হার ১০.৫%।

ক. বাট্টাকরণ কী? ১
খ. বিলম্বিত বার্ষিক বৃত্তি বলতে কী বুঝ? ব্যাখ্যা কর। ২
গ. ঋণ পরিশোধে কিস্তির পরিমাণ নির্ণয় কর। ৩
ঘ. ব্যাংকের ঋণ পরিশোধে জনাব ফাহাদের ঋণ পরিশোধকরণ সূচি প্রস্তুত কর। ৪

৬▶ রজতরেখা কোম্পানির প্রতিটি বন্ডের লিখিত মূল্য ১,০০০ টাকা, সুদের হার ১২.৫% এবং মেয়াদ ১০ বছর। মেয়াদ শেষে কোম্পানিটি প্রতিটি বন্ডের মূল্য বাবদ ১,১০০ টাকা পরিশোধের ঘোষণা দিয়েছে। বর্তমানে বন্ডটি বাজারে ১,১০০ টাকায় বিক্রি হচ্ছে এবং বন্ডটির বিনিয়োগকারীদের প্রত্যাশিত আয়ের হার ১৩%। ৪ বছর পর কোম্পানি বন্ডটিকে ১,২৫০ টাকায় তলব করে নিতে পারবে।

ক. অন্তর্নিহিত মূল্য কী? ১
খ. নিমজ্জিত তহবিল সৃষ্টি করা হয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. রজতরেখা কোম্পানির বন্ডটির কল মেয়াদে আয়ের হার নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে রজতরেখা কোম্পানির বন্ডটিতে বিনিয়োগ করা যুক্তিযুক্ত কিনা? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৭▶ মি. গ্যালিভার বন্ড মার্কেটে বিনিয়োগ করতে আগ্রহী। তিনি নিম্নোক্ত বন্ডগুলো বিবেচনা করছেন। বন্ড তিনটির অভিহিত মূল্য ১,০০০ টাকা করে।

| বন্ড | কুপন হার | বাজারমূল্য | মেয়াদ | প্রত্যাশিত আয়ের হার |
|---|---|---|---|---|
| A | ১২% | ১০% অধিহারে বিক্রয় | ১০ | মেয়াদপূর্তি আয়ের হারের সমান |
| B | - | ৬০০ | ১০ | ৫% |
| C | ১৩% | সমহারে বিক্রয় | - | ১৪% |

ক. কল বন্ড কী? ১
খ. অগ্রাধিকার শেয়ারকে হাইব্রিড সিকিউরিটি কেন বলা হয়? ব্যাখ্যা কর। ২
গ. A বন্ডের মেয়াদপূর্তিতে আয়ের হার নির্ণয় কর। ৩
ঘ. অন্তর্নিহিত মূল্য ও বাজারমূল্যের তুলনার ভিত্তিতে মি. গালিভারের কোন বন্ডে বিনিয়োগ করা উচিত বলে তুমি মনে কর? যৌক্তিকতাসহ বিশ্লেষণ কর। ৪

৮▶ মেঘনা কোম্পানি একটি প্রকল্পে বিনিয়োগের চিন্তা করছে। এই প্রকল্পের জন্য ২,৫০,০০০ টাকার একটি মেশিন ক্রয় করা হবে যার সংস্থাপন বাবদ ১০,০০০ টাকা ব্যয় হবে। মেশিনটির আনুমানিক আয়ুষ্কাল ৫ বছর এবং ভগ্নাবশেষ মূল্য ১০,০০০ টাকা। প্রকল্পে কার্যকরী মূলধন হিসেবে ১০,০০০ টাকা প্রয়োজন। প্রাতিষ্ঠানিক কর হার ৫৫%। প্রকল্পের করপূর্ব নগদ প্রবাহ নিম্নরূপ :

| বছর | টাকা |
|---|---|
| ১ | ৫০,০০০ |
| ২ | ৫৫,০০০ |
| ৩ | ৭০,০০০ |
| ৪ | ৭৫,০০০ |
| ৫ | ১,২৫,০০০ |

মূলধন ব্যয় ১২%।

ক. পরস্পর বর্জনশীল প্রকল্প কী? ১
খ. "আন্তঃআয়ের হারে নিট বর্তমান মূল্য শূন্য হয়"– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত প্রকল্পের নিট বর্তমান মূল্য কত? ৩
ঘ. আন্তঃআয়ের হারের ভিত্তিতে প্রকল্পটিতে মেঘনা কোম্পানির বিনিয়োগ সিদ্ধান্ত কী হবে? বিশ্লেষণ কর। ৪

৯▶ মেঘদল লি. পরস্পর বর্জনশীল দুটি প্রকল্প 'রবি' ও 'শশী' কে বিবেচনা করছে। প্রকল্প দুটির তথ্যাবলি নিম্নরূপ :

| বিবরণ | প্রকল্প-রবি | প্রকল্প-শশী |
|---|---|---|
| প্রাথমিক বিনিয়োগ | ৭৫,০০০ | ৭৫,০০০ |
| প্রকল্পের মেয়াদ | ৫ বছর | ৫ বছর |
| ভগ্নাবশেষ মূল্য | ৫,০০০ টাকা | ৫,০০০ টাকা |
| বছর | করপরবর্তী নিট মুনাফা | করপরবর্তী নিট মুনাফা |
| ১ | ৮,৫০০ | ১১,০০০ |
| ২ | ৫,৫০০ | ১০,০০০ |
| ৩ | ১৪,২০০ | ৮,০০০ |
| ৪ | ৮,৩০০ | ৫,৮০০ |
| ৫ | ১০,৪০০ | ৮,০০০ |

কোম্পানির ব্যবস্থাপনা কর্তৃক সর্বোচ্চ পে-ব্যাক সময় ৩ বছর। শশী প্রকল্পের পে-ব্যাক সময় ২.৯৫ বছর।

ক. প্রান্তিক নগদ প্রবাহ কী? ১
খ. কীভাবে মূলধন রেশনিং করা হয়?– ব্যাখ্যা কর। ২
গ. রবি প্রকল্পের গড় মুনাফার হার নির্ণয় কর। ৩
ঘ. মেঘদল লি. এর কোন প্রকল্পে বিনিয়োগ করা উচিত? বিশ্লেষণ কর। ৪

১০▶ মি. জসিমের কাছে তিনটি বিনিয়োগ সুযোগ আছে। বিনিয়োগসমূহের বিস্তারিত নিম্নরূপ :

| | প্রত্যাশিত আয় | আদর্শ বিচ্যুতি |
|---|---|---|
| ট্রেজারি বিল | ১৫% | – |
| স্টক-ক | ২০% | ৪.৫% |
| স্টক-খ | ২৬% | ৫.২৫% |
| স্টক-ক ও স্টক-খ এর সহ-সম্বন্ধ –.৪০ | | |

মি. জসিম বিনিয়োগের জন্য ট্রেজারি বিল ও স্টক-ক এর সমন্বয়ে একটি পোর্টফোলিও এবং স্টক-ক ও স্টক-খ এর সমন্বয়ে আরেকটি পোর্টফোলিও বিবেচনা করছেন। উল্লেখ্য, তিনি পোর্টফোলিও অন্তর্ভুক্ত সিকিউরিটিতে সমানভাবে বিনিয়োগ করেন।

ক. খাঁটি ঝুঁকি কী? ১
খ. প্রয়োজনীয় আয়ের হারের উপর বেটার ($\beta$) প্রভাব ব্যাখ্যা কর। ২
গ. স্টক-ক ও স্টক-খ এর সমন্বয়ে গঠিত পোর্টফোলিওর ঝুঁকি নির্ণয় কর। ৩
ঘ. মি. জসিমের কোন পোর্টফোলিওতে বিনিয়োগ করা উচিত হবে? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

১১▶ জনাব মনির 'শ্যামল' ও 'শোভন' নামক দুইটি কোম্পানির মধ্যে যেকোনো একটিতে বিনিয়োগ করতে আগ্রহী। বিনিয়োগ ক্ষেত্রে তিনি বাজার ঝুঁকিকে বিশেষভাবে বিবেচনা করেন। বিগত ৩ বছরের 'শ্যামল' ও 'শোভন' কোম্পানির ও বাজার মুনাফার হার দেওয়া হলো–

| বছর | শ্যামল কোম্পানি (%) | শোভন কোম্পানি (%) | বাজার মুনাফার হার |
|---|---|---|---|
| ২০২১ | ১০ | ৮ | ১০ |
| ২০২২ | ২০ | ১৫ | ১৫ |
| ২০২৩ | ৮ | ৬ | ৭ |

ক. পরিহারযোগ্য ঝুঁকি কী? ১
খ. ঋণ মূলধন ব্যবহারের ফলে কোন ধরনের ঝুঁকি সৃষ্টি হয়? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের আলোকে শ্যামল কোম্পানির সহ-ভেদাঙ্ক নির্ণয় কর। ৩
ঘ. জনাব মনিরের কোন কোম্পানিতে বিনিয়োগ করা যুক্তিসংগত হবে? মতামত দাও। ৪

# কুমিল্লা সরকারি মহিলা কলেজ

বিষয় কোড : 2 9 2

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

## ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ◉ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১▸ জনাব সেলিম একটা আর্থিক প্রতিষ্ঠানের ব্যবস্থাপক। তিনি বার্ষিক পরিকল্পনার আওতায় তার প্রতিষ্ঠানের অর্থের সংস্থানসহ কোন উৎস বেশি লাভজনক হবে তা নির্ণয় করেন। অতঃপর যথাসময়ে অর্থ প্রাপ্তির বিষয়টি নিশ্চিত করেন। যেকোনো প্রকল্প গ্রহণের ক্ষেত্রে তিনি প্রথমেই সেখানে জমি ক্রয়, ভবন নির্মাণ, মেশিন ক্রয়সহ দীর্ঘমেয়াদি খরচ কী করতে হবে তা হিসাবে আনেন। প্রত্যাশিত আয় কী হবে সেগুলোও হিসাবে নিয়ে আসেন। সেই আলোকে কর্তৃপক্ষ সিদ্ধান্ত গ্রহণ করে।

ক. ব্যবসায় অর্থায়ন কী? ১
খ. অর্থায়নের বৈচিত্র্যায়নের নীতি কেন অনুসরণ করা হয়? ২
গ. উদ্দীপকের বর্ণনা অনুযায়ী জনাব সেলিম প্রথম অর্থায়নের কোন কাজ করেন তা ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব সেলিম কোনো নতুন প্রকল্প গ্রহণে মূলধন বাজেটিং করেন– তুমি কি এ বক্তব্যের সাথে একমত? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

২▸ জনাব আদনান একজন পাইকারি ব্যবসায়ী। তার অদূরদর্শিতার কারণে কোম্পানিতে কখনো কাঁচামাল ক্রয়ের অর্থ থাকতো না, আবার কখনো পণ্য গোডাউনে রয়ে যেত। এজন্য তিনি ব্যবসায়ের অর্থব্যবস্থা কিছুটা পরিবর্তন করেন। এখন তিনি আশানুরূপ মুনাফা পাচ্ছেন। তিনি এখন ব্যবসায় সম্প্রসারণের পাশাপাশি সম্পদও বৃদ্ধি করতে পেরেছেন।

ক. তারল্য কী? ১
খ. ঝুঁকি ও মুনাফার সম্পর্ক ব্যাখ্যা কর। ২
গ. জনাব আদনান কোন নীতি অনুসরণ করায় আশানুরূপ ফল পাচ্ছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব আদনান ব্যবসায়ের মূল লক্ষ্য অর্জন করতে পেরেছেন কি? যুক্তি দেখাও। ৪

৩▸ মি. রহিম ও মি. করিম দুইজন বন্ধু ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে ফিন্যান্স ও ব্যাংকিং বিষয়ে পড়ালেখা করেছেন। তারা দুইজন মিলে সিদ্ধান্ত নিল যে, উভয়ে তাদের টিউশনির সংগৃহীত টাকা দিয়ে শেয়ারবাজারে বিনিয়োগ করবে। মি. রহিম তার পুঁজি দিয়ে একটিমাত্র কোম্পানির শেয়ার ক্রয় করল। অন্যদিকে, মি. করিম তার পুঁজি দিয়ে পাঁচটি কোম্পানির শেয়ার ক্রয় করেন।

ক. সরকারি অর্থায়ন কী? ১
খ. সম্পদ সর্বাধিকরণ বলতে কী বোঝায়? ২
গ. মি. করিম বিনিয়োগের ক্ষেত্রে অর্থায়নের কোন নীতিটি অনুসরণ করেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে, শেয়ারবাজারে বিনিয়োগের ক্ষেত্রে কার বিনিয়োগ অধিক যৌক্তিক বলে মনে কর? উদ্দীপক বিশ্লেষণপূর্বক মতামত দাও। ৪

৪▸ সালমা একটি ল্যাপটপ ক্রয়ের চিন্তা-ভাবনা করছেন। ল্যাপটপটি ক্রয় করতে নগদ ৯০,০০০ টাকা প্রয়োজন। সালমা ল্যাপটপ ক্রয়ের জন্য দুটি বিকল্পের কথা ভাবছেন। প্রথম বিকল্প হলো সম্পূর্ণ নগদে পরিশোধ করে দেওয়া, দ্বিতীয় বিকল্প হলো ৫০% নগদে এবং বাকি টাকা বার্ষিক ৪,৫০০ টাকা কিস্তিতে ১০ বছরে পরিশোধ করে দেওয়া। এক্ষেত্রে সালমার সুযোগ ব্যয় ১২%।

ক. কার্যকরী সুদের হার কী? ১
খ. চক্রবৃদ্ধি সংখ্যা বৃদ্ধি পেলে অর্থের ভবিষ্যৎ মূল্যের উপর কী প্রভাব পড়ে? ২
গ. উদ্দীপকে উল্লিখিত সালমা যে বার্ষিক কিস্তি প্রদান করবেন তার বর্তমান মূল্য কত? ৩
ঘ. সালমার কোন বিকল্পটি গ্রহণ করা উচিত এবং কেন? ৪

৫▸ জনাব সেরাজুল একটি বাড়ি করতে চান। বর্তমানে বাড়িটি তৈরি করতে ৭০ লক্ষ টাকা প্রয়োজন। তার হাতে বর্তমানে ৩০ লক্ষ টাকা আছে। অর্থের ঘাটতির কথা চিন্তা করে তিনি TRUST ব্যাংকে ৩০ লক্ষ টাকা ১০% সুদে জমা রাখলেন। উদ্দেশ্য ৭ বছর পর তিনি বাড়িটি করবেন। অতীত অভিজ্ঞতা থেকে ধরে নেওয়া হচ্ছে বাড়ি তৈরির নির্মাণসামগ্রীর মূল্য বৃদ্ধির সাধারণ হার ৫%।

ক. অর্থের বর্তমান মূল্য কী? ১
খ. চক্রবৃদ্ধিকরণ বলতে কী বোঝায়? ২
গ. ৭ বছর পর বাড়িটি তৈরি করতে কত টাকা খরচ হবে? ৩
ঘ. জনাব সেরাজুল কী জমাকৃত টাকা দিয়ে বাড়ি করতে পারবেন? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দেখাও। ৪

৬▸ জনাব মিলনের হাতে দুটি প্রকল্পের প্রস্তাব রয়েছে। উভয় প্রকল্পের প্রাথমিক ব্যয় ৫০,০০০ টাকা। বাট্টার হার ১০%। প্রকল্প হতে তিনি ৫ বছরে নিম্নলিখিত নগদ প্রবাহ আশা করছেন :

| বছর | ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|---|
| নগদ প্রবাহ (প্রকল্প-ক) | ১৮,০০০ | ১০,০০০ | ১৭,০০০ | ১৯,০০০ | ১২,০০০ |
| নগদ প্রবাহ (প্রকল্প-খ) | ১০,০০০ | ১৫,০০০ | ১৫,০০০ | ১৪,০০০ | ৯,০০০ |

ক. পরিশোধকাল কী? ১
খ. মূলধন বাজেটিং কেন করা হয়? ব্যাখ্যা কর। ২
গ. প্রকল্প-ক এর নিট বর্তমান মূল্য নির্ণয় কর। ৩
ঘ. নিট বর্তমান মূল্যের ভিত্তিতে প্রকল্পের গ্রহণযোগ্যতা যাচাই কর। ৪

৭▸ জনাব জনির হাতে একটি বিনিয়োগ প্রকল্প রয়েছে। প্রকল্পের প্রাথমিক বিনিয়োগ ১,৫০,০০০ টাকা এবং আগামীতে ৩ (তিন) বছরে বার্ষিক নগদ কর-পরবর্তী মুনাফা যথাক্রমে ৪০,০০০, ৫৫,০০০ ও ৪৫,০০০ টাকা। মূলধন ব্যয় ১২%। জনাব জনি নিট বর্তমান মূল্য পদ্ধতি (NPV) ব্যবহার করে প্রকল্পের আয়ের হার সম্পর্কে নিশ্চিত হতে চান।

ক. স্বাধীন প্রকল্প কী? ১
খ. গড় মুনাফার হার বলতে কী বোঝায়? ২
গ. প্রকল্পের গড় মুনাফা হার নির্ণয় কর। ৩
ঘ. জনাব জনির প্রকল্পটি কি গ্রহণ করা উচিত? যুক্তি দেখাও। ৪

৮▸ নিচের দুটি প্রকল্পের প্রত্যাশিত আয় ও সম্ভাবনা দেওয়া হলো :

| সম্ভাবনা | প্রত্যাশিত আয় (%) | |
|---|---|---|
| | প্রকল্প-১ | প্রকল্প-২ |
| ০.৩৫ | –০৫ | ১৫ |
| ০.২৫ | ১৬ | ২০ |
| ০.৪০ | ২০ | ২৫ |

ক. ব্যবসায় ঝুঁকি কী? ১
খ. প্রত্যাশিত আয়ের হার বলতে কী বোঝায়? ২
গ. প্রকল্প-২ এর আদর্শ বিচ্যুতি নির্ণয় কর। ৩
ঘ. বিভেদাঙ্ক (CV) বিবেচনায় কোন প্রকল্পের ঝুঁকি কম? বিশ্লেষণ কর। ৪

৯▸ এশিয়া স্টক A ও স্টক B সম্পর্কে নিচের তথ্যসমূহ সংগ্রহ করেছেন :

| অর্থনৈতিক অবস্থা | সম্ভাবনা (%) | আয়ের হার স্টক A | আয়ের হার স্টক B |
|---|---|---|---|
| মন্দাভাব | ১০% | ১০% | ২৫% |
| স্বাভাবিক অবস্থা | ৪০% | ৩০% | ৩০% |
| চাঙ্গাভাব | ৫০% | ৪০% | ৩৫% |

ক. CAPM কী? ১
খ. আর্থিক ঝুঁকি বলতে কী বোঝায়? ২
গ. স্টক A এর পরিমিত ব্যবধান নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকে কোন স্টকটি বেশি ঝুঁকিপূর্ণ? মন্তব্য কর। ৪

১০▸ মি. নয়নের নিকট বিনিয়োগযোগ্য ৪০,০০০ টাকা আছে। তিনি এই অর্থ নিম্নরূপে বিনিয়োগের সিদ্ধান্ত নিবেন :

| কোম্পানি | ক | খ | গ | ঘ |
|---|---|---|---|---|
| বিনিয়োগ (টাকা) | ৪,০০০ | ৮,০০০ | ১২,০০০ | ১৬,০০০ |
| প্রত্যাশিত আয়ের হার | ৮% | ১২% | ১৫% | ১৮% |

ক. ব্যবসায় ঝুঁকি কী? ১
খ. তারল্য ঝুঁকি কীভাবে সৃষ্টি হয়? ২
গ. পোর্টফোলিও আয়ের হার নির্ণয় কর। ৩
ঘ. পোর্টফোলিও আদর্শ বিচ্যুতি নির্ণয় কর। ৪

১১▸ জনাব আতিক জেনেভা কোম্পানি কর্তৃক ইস্যুকৃত ৫ বছর মেয়াদি জিরো কুপন ক্রয় করতে ইচ্ছুক। বন্ডের অভিহিত মূল্য ১,০০০ টাকা। আতিকের প্রয়োজনীয় আয়ের হার ১৩%। জনাব আতিকের বন্ধু জনাব নাসির বাংলাদেশের বন্ড মার্কেটে বিনিয়োগ করতে আগ্রহী। তিনি নিচের যেকোনো একটি কোম্পানির বন্ড ক্রয় করতে পারেন :

(i) বেসিক কোম্পানি চিরস্থায়ী বন্ড ইস্যু করেছে। কুপন রেট ১১% এবং অভিহিত মূল্য ১,০০০ টাকা। বাজারমূল্য ১,২৫০ টাকা।
(ii) রেনেটা কোম্পানি ৫ বছর মেয়াদি বন্ড ইস্যু করেছে। কুপন রেট ১২% এবং অভিহিত মূল্য ১,০০০ টাকা। বাজারমূল্য ৯৫০ টাকা। বন্ডের সুদ অর্ধবার্ষিক ভিত্তিতে প্রদান করা হবে। জনাব নাসিরের প্রয়োজনীয় আয়ের হার ১০%।

ক. সাধারণ শেয়ার কী? ১
খ. ঝুঁকিমুক্ত আয়ের হার ব্যাখ্যা কর। ২
গ. জনাব আতিকের সর্বোচ্চ কত টাকা দিয়ে বন্ডটি ক্রয় করা উচিত? ৩
ঘ. জনাব নাসিরের কোন কোম্পানির বন্ড ক্রয় করা উচিত? যুক্তিসহ উত্তর দাও। ৪

# সরকারি সিটি কলেজ, চট্টগ্রাম

বিষয় কোড : 2 9 2

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

## ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১▸ জনাব চৌধুরী বিনিয়োগের বিষয়ে সিদ্ধান্তহীনতায় ভুগছেন। তার বিবেচ্য দুটি কোম্পানির তথ্যাদি নিম্নরূপ :

| কোম্পানি | প্রত্যাশিত আয়ের হার | পরিমিত ব্যবধান |
|---|---|---|
| A | ১২% | ৩% |
| B | ১৫% | ৭% |

ক. ব্যবসায় নৈতিকতা কী? ১
খ. তারল্য সংকটে কোন ধরনের সমস্যার সৃষ্টি হয়? ব্যাখ্যা কর। ২
গ. যদি উদ্দীপকের জনাব চৌধুরী B কোম্পানিতে বিনিয়োগ করেন, তাহলে তা অর্থায়নের কোন নীতির সাথে সামঞ্জস্যপূর্ণ? ৩
ঘ. যদি চৌধুরী সাহেব উভয় কোম্পানিতে বিনিয়োগ করতেন, তাহলে তার বিনিয়োগ সিদ্ধান্তের যৌক্তিকতা অর্থায়নের নীতির আলোকে বিশ্লেষণ কর। ৪

২▸ মি. আজিম একজন সফল ব্যবসায়ী। তিনি বিভিন্ন খাতে, যেমন টেক্সটাইল, ভোগ্যপণ্য, ফার্মাসিউটিক্যাল, স্টীল ইত্যাদিতে বিনিয়োগ করেন। গত বছর তিনি একটি সিমেন্ট ফ্যাক্টরি প্রতিষ্ঠার চিন্তা করেছিলেন। ব্যবসা শুরু করার জন্য তার ৪ কোটি টাকা প্রয়োজন ছিল। তার নিয়োগকৃত আর্থিক ব্যবস্থাপক তাকে দ্রুত বিনিয়োগ ফেরত পাওয়া এবং মুনাফা সর্বোচ্চকরণের ব্যাপারে নজর দেওয়ার পরামর্শ দিলেন। কিন্তু মি. আজিম আর্থিক ব্যবস্থাপকের পরামর্শ গ্রহণ করেননি। তার মূল লক্ষ্য ছিল সম্পদ সর্বোচ্চকরণ, মুনাফা সর্বোচ্চকরণ নয়। তিনি এ লক্ষ্য অর্জনে প্রয়োজনে কিছু মুনাফা ত্যাগ করতেও প্রস্তুত ছিলেন।

ক. ব্যবসায় অর্থায়ন কী? ১
খ. অর্থায়নের সামাজিক দায়বদ্ধতা বলতে কী বোঝ? ২
গ. কোন নীতি অনুযায়ী মি. আজিম নতুন ব্যবসায় শুরু করতে চেয়েছিলেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. মি. আজিম কর্তৃক গৃহীত সম্পদ সর্বোচ্চকরণ সিদ্ধান্তটির সাথে তুমি কি একমত? তোমার উত্তরের স্বপক্ষে যুক্তি দেখাও। ৪

৩▸ সাজেদা এইচ.এস.সি পরীক্ষায় GPA-5 পেয়েছে। তার বাবা তাকে ১,০০,০০০ টাকা পুরস্কার হিসাবে দেওয়ার সিদ্ধান্ত নেয়। তার বাবা তাকে এই অর্থ গ্রহণ করার ২টি বিকল্প প্রস্তাব দেয়। বিকল্প দুটি নিম্নরূপ

বিকল্প-১ : সে ৫ বছর যাবত প্রতি বছরের শুরুতে যথাক্রমে ১০,০০০ টাকা, ১৫,০০০ টাকা, ২০,০০০ টাকা, ২৫,০০০ টাকা এবং ৩০,০০০ টাকা পাবে।

বিকল্প-২ : সে ৫ বছর যাবত প্রতি বছর শেষে ২০,০০০ টাকা করে পাবে। সুযোগ ব্যয় ১০%।

ক. অর্থের ভবিষ্যৎ মূল্য কী? ১
খ. প্রকৃত সুদের হার কী বুঝিয়ে লেখ। ২
গ. বিকল্প-১ এর ভবিষ্যৎ মূল্য নির্ণয় কর। ৩
ঘ. কোন বিকল্পটি সাজেদার গ্রহণ করা উচিত? বর্তমান মূল্য বিবেচনা করে তোমার মতামত দাও। ৪

৪▸ জনাব সাজু ফেরারি কোম্পানির গাড়ি ক্রয়ের সিদ্ধান্ত নিয়েছে। গাড়ির মূল্য ৩০,০০,০০০ টাকা। বর্তমানে ৬,০০,০০০ টাকা ডাউন পেমেন্ট হিসেবে পরিশোধ করে বাকি টাকা ৪৮ মাসের কিস্তিতে (৪ বছরে) সে গাড়িটি ক্রয় করতে পারে। বার্ষিক সুদের হার ১২%। অন্যদিকে একটি লিজিং কোম্পানি হতে ঋণগ্রহণ করে গাড়িটি ক্রয় করলে আগামী ৪ বছরে প্রতি মাসে ৭০,০০০ টাকা করে কিস্তি পরিশোধ করতে হবে। সাজুর সুযোগ ব্যয়ের হার ১৬%।

ক. কার্যকরী সুদের হার নির্ণয়ের সূত্রটি লেখ। ১
খ. অনিশ্চয়তা কীভাবে অর্থের সময় পছন্দকে প্রভাবিত করে তা ব্যাখ্যা কর। ২
গ. জনাব সাজুর মাসিক কিস্তির পরিমাণ নির্ণয় কর। ৩
ঘ. জনাব সাজুর কীভাবে গাড়িটি ক্রয় করা উচিত? যুক্তিসহ উত্তর দাও। ৪

৫▸ জনাব আদনান সাহেব ৫ বছর পর একটি বাড়ি নির্মাণ করতে চান। এ জন্য ৫ বছর পর তার ২০,০০,০০০ টাকা প্রয়োজন। তাই তিনি সঞ্চয়ের পরিকল্পনা করলেন। এবি ব্যাংকের ব্যবস্থাপক তাকে তিনটি প্রকল্প প্রস্তাব দিয়েছেন। প্রথম প্রস্তাব অনুযায়ী তিনি প্রতি মাসের শুরুতে ১২% সুদে ২৫,০০০ টাকা করে জমা করবেন। দ্বিতীয় প্রস্তাব অনুযায়ী প্রতি মাসের শেষে ১১% সুদে ২৬,০০০ টাকা করে জমা করবেন। তৃতীয় প্রস্তাব অনুযায়ী এককালীন ১০,০০,০০০ টাকা জমা রাখলে ৫ বছর পর ২০,০০,০০০ টাকা পাবেন।

ক. বাট্টাকরণ কী? ১
খ. সাধারণ বৃত্তির তুলনায় অগ্রিম বৃত্তির ক্ষেত্রে অর্থের ভবিষ্যৎ মূল্য বেশি হয়- ব্যাখ্যা কর। ২
গ. তৃতীয় বিকল্প অনুযায়ী সুদের হার নির্ণয় কর। ৩
ঘ. জনাব আদনান সাহেব কোন বিকল্পটি গ্রহণ করে বাড়ি নির্মাণে অধিকতর লাভবান হবেন? তোমার মতামত বিশ্লেষণ কর। ৪

৬▸ জনাব শামীম একজন ব্যাংকার। তিনি বিভিন্ন কোম্পানির শেয়ার ও বন্ডে বিনিয়োগ করতে চান। নিম্নে বিভিন্ন কোম্পানি কর্তৃক ইস্যুকৃত বন্ডের বিবরণ দেওয়া হলো।

১. ABC Ltd. প্রতিটি ৩,০০০ টাকা মূল্যের ৭ বছর মেয়াদি বন্ড ইস্যু করেছে। কুপন রেট ১২%। প্রয়োজনীয় আয়ের হার ১৪%। সুদ অর্ধবার্ষিক ভিত্তিতে পরিশোধ করা হয়।
২. PQR Ltd. প্রতিটি ৩,০০০ টাকা মূল্যের চিরস্থায়ী বন্ড ইস্যু করেছে। কুপন রেট ১২% এবং প্রয়োজনীয় আয়ের হার ১৪%। বর্তমান বাজারমূল্য ২,৮০০ টাকা।
৩. XYZ Ltd. প্রতিটি ৩,০০০ টাকা মূল্যের জিরো কুপন ইস্যু করেছে। মেয়াদকাল ৭ বছর। প্রয়োজনীয় আয়ের হার ১৪%। বর্তমান বাজারমূল্য ১,১০০ টাকা।

ক. চলতি ইল্ড কী? ১
খ. শেয়ারপ্রতি লভ্যাংশ কীভাবে বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণের সাথে সম্পর্কিত ব্যাখ্যা কর। ২
গ. ABC Ltd বন্ডের বর্তমান মূল্য নির্ণয় কর। ৩
ঘ. PQR Ltd ও XYZ Ltd এর মধ্যে জনাব শামীমের কোন কোম্পানির বন্ডে বিনিয়োগ করা উচিত তা মূল্যায়ন কর। ৪

৭▸ জনাব নাফিস কেয়া কসমেটিকস্ এর ব্যবস্থাপক। তিনি তিনটি কোম্পানির বন্ডে বিনিয়োগ করতে চান। উক্ত বন্ডসমূহের বিবরণ নিম্নে দেওয়া হলো :

১. অলিম্পিক লি. এর ১০ বছর মেয়াদি বন্ড যার লিখিত মূল্য ১,০০০ টাকা। কুপন রেট ১২%। ৩ বছর পর বন্ডটি ১,০৪০ টাকা মূল্যে তলব করা হতে পারে। বর্তমানে বন্ডটি বাজারে বিক্রি হচ্ছে ১,০৮৫ টাকায়।
২. এসিআই কোম্পানির ১২%, ১০ বছর মেয়াদি বন্ড যার বর্তমান বাজারমূল্য ৯৭৫ টাকা, লিখিত মূল্য ১,০০০ টাকা।
৩. বিডি কোম্পানির ৯%, ৫ বছর মেয়াদি বন্ড যার বর্তমার বাজারমূল্য ১,২০০ টাকা। লিখিত মূল্য ১,০০০ টাকা।

জনাব নাফিস বিনিয়োগ হতে মেয়াদপূর্তিতে সর্বোচ্চ আয়ের হার নিশ্চিত করতে চান।

ক. কুপন রেট কী? ১
খ. বন্ডের প্রয়োজনীয় আয়ের হার পরিবর্তনের ফলে এর অন্তর্নিহিত মূল্যের উপর কী প্রভাব পড়বে? ২
গ. অলিম্পিক লি. কোম্পানির বন্ডের ইল্ড টু কল নির্ণয় কর। ৩
ঘ. জনাব নাফিসের এসিআই কোম্পানি ও বিডি কোম্পানির বন্ডের মধ্যে কোন কোম্পানিতে বিনিয়োগ করা উচিত? যুক্তিসহ উত্তর দাও। ৪

৮▸ কর্ণফুলি লি. এর আর্থিক ব্যবস্থাপক বিনিয়োগের উদ্দেশ্যে নিম্নোক্ত দুটি প্রকল্প বিবেচনা করেছেন :

| বিবরণ | প্রকল্প A | প্রকল্প B |
|---|---|---|
| প্রারম্ভিক বিনিয়োগ | ১,৫০,০০০ টাকা | ১,৫০,০০০ টাকা |
| বছর | কর-পরবর্তী মুনাফা টাকা | কর-পরতী মুনাফা |
| ১ | ১৫,০০০ | ২৫,০০০ |
| ২ | ১৫,০০০ | ১৬,০০০ |
| ৩ | ১৫,০০০ | ১৭,০০০ |
| ৪ | ১৫,০০০ | ৮,০০০ |
| পে-ব্যাক সময় | ২.৮৬ বছর | - |

কোম্পানির আর্থিক ব্যবস্থাপক উভয় প্রকল্পের বার্ষিক অবচয় নির্ধারণ করেন ৩৭,৫০০ টাকা। তিনি দ্রুততম সময়ে মূলধন ফেরত পাওয়ার বিষয়টি বিবেচনা করে প্রকল্প-B নির্বাচন করেন।

ক. মূলধন রেশনিং কী? ১
খ. পরস্পর বর্জনশীল প্রকল্পের ক্ষেত্রে কীভাবে বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণ করা হয়? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত প্রকল্প-A এর গড় মুনাফার হার নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত আর্থিক ব্যবস্থাপক যে বিনিয়োগ সিদ্ধান্ত নিয়েছেন তার যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

৯▸ মোহাম্মদীয়া কোম্পানির করপূর্ববর্তী নগদ আন্তঃপ্রবাহ ও বিনিয়োগ নিম্নরূপ :

| বিনিয়োগ | করপূর্ববর্তী আন্তঃপ্রবাহ | | | | |
|---|---|---|---|---|---|
| | ১ম বছর | ২য় বছর | ৩য় বছর | ৪র্থ বছর | ৫ম বছর |
| ১,০০,০০০ | ৩০,০০০ | ৪০,০০০ | ৩৫,০০০ | ৫৫,০০০ | ২৫,০০০ |

কর হার ২৫% এবং বাট্টা হার ১০%। প্রতিষ্ঠানটি সরলরৈখিক পদ্ধতিতে অবচয় হিসাব করে।

ক. গড় উপার্জন হার কী? ১
খ. "বাট্টাকৃত নগদ প্রবাহ পদ্ধতি গতানুগতিক পদ্ধতি অপেক্ষা শ্রেয়"– ব্যাখ্যা কর। ২
গ. মোহাম্মদীয়া কোম্পানির নিট বর্তমান মূল্য নির্ণয় কর। ৩
ঘ. অভ্যন্তরীণ উপার্জন হারের ভিত্তিতে মোহাম্মদীয়া কোম্পানির বিনিয়োগ সিদ্ধান্তটি মূল্যায়ন কর। ৪

১০▸ জনাব রায়হান প্রকল্প-ক বা প্রকল্প-খ-তে বিনিয়োগের কথা ভাবছেন। প্রকল্প দুটির তথ্যাদি নিম্নরূপ :

| অর্থনৈতিক অবস্থা | সম্ভাবনার মাত্রা | আয়ের হার | |
|---|---|---|---|
| | | প্রকল্প-ক | প্রকল্প-খ |
| চাঙ্গা | ০.৩০ | ১৮% | ২২% |
| স্বাভাবিক | ০.৫০ | ১৪% | ১৭% |
| মন্দা | ০.২০ | ১০% | ৯% |

ক. খাঁটি ঝুঁকি কী? ১
খ. ঋণ মূলধন ব্যবহারের মাধ্যমে কোন ধরনের ঝুঁকির সৃষ্টি হয়? ব্যাখ্যা কর। ২
গ. প্রকল্প-ক এর বিভেদাংক নির্ণয় কর। ৩
ঘ. জনাব রায়হানের কোন প্রকল্পটিতে বিনিয়োগ করা অধিকতর যুক্তিযুক্ত? মতামত বিশ্লেষণ কর। ৪

১১▸ মি. আলী মূলধন বাজারে বিনিয়োগ করতে আগ্রহী। প্রয়োজনীয় তথ্য নিম্নরূপ :

| সিকিউরিটিজ | বিনিয়োগ | আয়ের হার | আদর্শ বিচ্যুতি | সহ-সম্বন্ধ |
|---|---|---|---|---|
| X | ৪০,০০০ | ১২% | ৮% | ০.৮০ |
| Y | ৬০,০০০ | ১০% | ৬% | |

ক. অনিশ্চয়তা কী? ১
খ. তারল্য ঝুঁকি কীভাবে সৃষ্টি হয়? ২
গ. মি. আলীর পোর্টফোলিও আয়ের হার নির্ণয় কর। ৩
ঘ. পোর্টফোলিও আদর্শ বিচ্যুতি নির্ণয় করে পোর্টফোলিও বিনিয়োগের যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

# সিলেট সরকারি কলেজ

বিষয় কোড : 2 9 2

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট

## ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১▶ সুরমা কোম্পানি লি. চার বছর মেয়াদি একটি প্রকল্পে বিনিয়োগের সিদ্ধান্ত নেয়। প্রকল্পটির নগদ আন্তঃপ্রবাহ ও অন্যান্য তথ্য নিম্নরূপ :

| প্রাথমিক বিনিয়োগ | বছর-১ | বছর-২ | বছর-৩ | বছর-৪ |
|---|---|---|---|---|
| ২,০০,০০০ | ৬০,০০০ | ৭০,০০০ | ৮০,০০০ | ৭৬,০০০ |

বাট্টার হার ৮%।

ক. স্বাধীন প্রকল্প কী? ১

খ. মূলধন রেশনিং কেন করা হয়? ২

গ. প্রকল্পটির নিট বর্তমান মূল্য নির্ণয় কর। ৩

ঘ. অভ্যন্তরীণ আয়ের হারের (IRR) ভিত্তিতে সুরমা কোম্পানির বিনিয়োগ সিদ্ধান্ত মূল্যায়ন কর। ৪

২▶ কুশিয়ারা কোম্পানি একটি নতুন মেশিন ৫,০০,০০০ টাকায় ক্রয় করে। মেশিনটির আয়ুষ্কাল ৫ বছর এবং কোনো ভগ্নাবশেষ মূল্য নেই। কোম্পানির করের হার ৪০%।

| বছর | ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|---|
| নগদ আন্তঃপ্রবাহ | ১,০০,০০০ | ১,১০,০০০ | ১,৪০,০০০ | ১,৫০,০০০ | ২,৫০,০০০ |

ক. মূলধন বাজেটিং কী? ১

খ. পরস্পর বর্জনশীল প্রকল্প বলতে কী বোঝায়? ২

গ. কুশিয়ারা কোম্পানির গড় মুনাফার হার (ARR) নির্ণয় কর। ৩

ঘ. যদি বাট্টার হার ১০% হয়, তাহলে নিট বর্তমান মূল্যের (NPV) ভিত্তিতে মেশিনটি ক্রয় করা উচিত কি না? বিবেচনা কর। ৪

৩▶ জনাব জায়ান একজন বিনিয়োগকারী। তিনি বিনিয়োগের জন্য যে দুটি সিকিউরিটি চিহ্নিত করেছেন তা নিম্নরূপ :

| বছর | আয়ের হার | |
|---|---|---|
| | সিকিউরিটি-A | সিকিউরিটি-B |
| ২০১৯ | ৩০% | ২৫% |
| ২০২০ | ২০% | ৩৫% |
| ২০২১ | ১৫% | ৪৫% |

জায়ান কোম্পানির বিটার মান ১.৮। ট্রেজারি বিলের আয়ের হার ৯%। বাজার আয়ের হার ১৮%।

ক. ঝুঁকি কী? ১

খ. বাজার ঝুঁকিকে কেন অপরিহারযোগ্য ঝুঁকি বলা হয়? ২

গ. জায়ান কোম্পানির প্রত্যাশিত আয়ের হার নির্ণয় কর। ৩

ঘ. জনাব জায়ানের কোন সিকিউরিটিতে বিনিয়োগ করা উত্তম? গাণিতিক বিশ্লেষণ কর। ৪

৪▶ জনাব রায়হান একটি প্রকল্পে বিনিয়োগের চিন্তা-ভাবনা করছেন। কোম্পানির তথ্য নিম্নরূপ :

| অর্থনৈতিক অবস্থা | সম্ভাবনা | আয়ের হার (%) | |
|---|---|---|---|
| | | প্রকল্প-P | প্রকল্প-Q |
| ভালো | ০.৪০ | ১২% | ১০% |
| মন্দ | ০.২৫ | ৪% | ৬% |
| স্বাভাবিক | ০.৩৫ | ৯% | ৮% |

ক. আর্থিক ঝুঁকি কী? ১

খ. পোর্টফোলিও কেন গঠন করা হয়? ২

গ. প্রকল্প-P এর পরিমিত ব্যবধান নির্ণয় কর। ৩

ঘ. জনাব রায়হানের কোন প্রকল্পে বিনিয়োগ করা উচিত? বিশ্লেষণ কর। ৪

৫▶ মি. সুমন মূলধন বাজারে বিনিয়োগ করতে আগ্রহী? প্রয়োজনীয় তথ্য নিম্নরূপ :

| সিকিউরিটিজ | বিনিয়োগ | আয়ের হার | আদর্শ বিচ্যুতি | সহ-সম্বন্ধ |
|---|---|---|---|---|
| X | ৪০,০০০ | ১২% | ৮% | ০.৮০ |
| Y | ৬০,০০০ | ১০% | ৬% | |

ক. অনিশ্চয়তা কী? ১

খ. তারল্য ঝুঁকি কীভাবে সৃষ্টি হয়? ২

গ. মি. সুমনের পোর্টফোলিও আয়ের হার নির্ণয় কর। ৩

ঘ. পোর্টফোলিও আদর্শ বিচ্যুতি নির্ণয় করে পোর্টফোলিও বিনিয়োগের যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

৬▶ জামার ও কামাল দুই জনই প্রতিষ্ঠিত ব্যবসায়ী। জনাব জামাল শুধু জাহাজ ভাড়া ব্যবসায়ে যুক্ত। অপরদিকে, জনাব কামাল পুরাতন জাহাজ ব্যবসায়ের পাশাপাশি গার্মেন্টস ব্যবসায়ে যুক্ত। কারণ জনাব কামাল মনে করেন, লোহার ব্যবসায় কোনো কারণে যদি ক্ষতি হয় তবে গার্মেন্টস ব্যবসায়ের মুনাফার দ্বারা সেই ক্ষতি পূরণ করা যাবে। কিন্তু জনাব জামাল বেশি মুনাফার আশায় সর্বদা নগদ অর্থ হাতে কম রেখে বেশি বিনিয়োগ করেন।

ক. ব্যবসায় অর্থায়ন কী? ১

খ. তারল্য বলতে কী বোঝ? ব্যাখ্যা কর। ২

গ. জনাব কামাল বিনিয়োগের ক্ষেত্রে কোন নীতি অনুসরণ করেছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব জামালের বেশি অর্থ বিনিয়োগ তার ব্যবসায়ে কী প্রভাব ফেলতে পারে? তা বিশ্লেষণ কর। ৪

৭▶ জনাব রহমান ৫,০০,০০০ টাকা ৭ বছরের জন্য ব্যাংকে জমা রাখতে চান। 'সুরমা' ব্যাংক তাকে ১০% হারে বার্ষিক চক্রবৃদ্ধি সুদ দিবে। অপরদিকে, 'ইছামতি' ব্যাংক তাকে ৮% হারে মাসিক চক্রবৃদ্ধি সুদ প্রদানের প্রস্তাব দেয়।

ক. অর্থের সময়মূল্য কী? ১

খ. সাধারণ বার্ষিক বৃত্তি বলতে কী বোঝায়? ২

গ. মেয়াদ শেষে জনাব রহমান সুরমা ব্যাংক থেকে কত টাকা পাবেন? ৩

ঘ. জনাব রহমানের কোন ব্যাংকে টাকা জমা রাখা বেশি লাভজনক হবে? ব্যাখ্যা কর। ৪

৮▶ জনাব হানিফ সোনালি ব্যাংক লি. থেকে বার্ষিক ১২% সুদে ৫,০০,০০০ টাকা ঋণ নেন। আগামী ৫ বছর প্রতি বছরের শেষে তিনি ঋণের কিস্তি পরিশোধ করবেন।

ক. ভবিষ্যৎ মূল্য কী? ১

খ. ঋণসূচি বলতে কী বোঝায়? ২

গ. জনাব হানিফের ঋণের কিস্তির পরিমাণ নির্ণয় কর। ৩

ঘ. বছরের শুরুতে কিস্তি পরিশোধ করলে কিস্তির পরিমাণের উপর কী প্রভাব পড়বে? সে সম্পর্কে তোমার মতামত দাও। ৪

৯▶ সুলেখা কোম্পানি বার্ষিক ১৬% কুপন সুদে প্রতিটির লিখিত মূল্য ১,০০০ টাকার বন্ড ইস্যু করে। উক্ত বন্ড ১০ বছরের জন্য ইস্যু করা হয়। কোম্পানির প্রয়োজনীয় আয়ের হার ১২%।

ক. বন্ড কী? ১

খ. অগ্রাধিকার শেয়ারকে কেন হাইব্রিড সিকিউরিটি বলা হয়? ২

গ. যদি সুদ বার্ষিক ভিত্তিতে প্রদান করা হয়, তাহলে বন্ডের বর্তমান মূল্য কত হবে? ৩

ঘ. অর্ধ-বার্ষিক ভিত্তিতে সুদ প্রদান করলে, বন্ডের বর্তমান মূল্যের কী প্রভাব পড়বে? বিশ্লেষণ কর। ৪

১০▶ জনাব সাজ্জাদ বর্তমানে অবসরে গিয়ে কিছু টাকা পেয়েছেন। এই অর্থ তিনি শেয়ারবাজারে বিনিয়োগ করতে আগ্রহী। কিন্তু তিনি বেশি ঝুঁকি নিতে চান না। তাই শেয়ারবাজারে ১০০ টাকার অভিহিত মূল্যের দুটি বন্ডের কথা বিবেচনা করেন। নিচে বন্ড দুটির তথ্য প্রদান করা হলো—

| বন্ড | কুপন হার | বাজারমূল্য | মেয়াদ |
|---|---|---|---|
| A | ১৩% | ১১৯ টাকা | ৮ বছর |
| B | ১১% | ৮০ টাকা | — |

ক. জাংক বন্ড কী? ১

খ. ট্রেজারি বন্ডের আয়ের হারকে কেন ঝুঁকিমুক্ত আয়ের হার বলা হয়? ২

গ. 'A' বন্ডের মেয়াদপূর্তিতে আয়ের হার নির্ণয় কর। ৩

ঘ. অন্তর্নিহিত মূল্যের ভিত্তিতে জনাব সাজ্জাদের জন্য কোন বন্ডে বিনিয়োগ করা উচিত? ব্যাখ্যা কর। ৪

১১▶ পদ্মা কোম্পানি একটি নতুন প্রকল্পে ৭,০০,০০০ টাকা বিনিয়োগ করতে চায়। কোম্পানির মূলধন ব্যয় ১০% এবং কর্পোরেট কর হার ৪০%। প্রকল্প থেকে আগামী ৫ বছর যাবৎ কর পূর্ববর্তী নগদ প্রবাহ নিম্নলিখিতভাবে আসবে বলে ধারণা করা হচ্ছে।

| বছর | করপূর্ববর্তী নগদ প্রবাহ |
|---|---|
| ১ | ১,৪০,০০০ টাকা |
| ২ | ২,১০,০০০ টাকা |
| ৩ | ৩,২০,০০০ টাকা |
| ৪ | ৩,০০,০০০ টাকা |
| ৫ | ২,১০,০০০ টাকা |

ক. মূলধন বাজেটিং কী? ১

খ. প্রকল্পের মূল্যায়ন বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকে উল্লিখিত প্রকল্পটির গড় উপার্জন হার (ARR) নির্ণয় কর। ৩

ঘ. নিট বর্তমান মূল্যের আলোকে (NPV) উক্ত প্রকল্পে বিনিয়োগ সিদ্ধান্ত কতটুকু যুক্তিযুক্ত বলে তুমি মনে কর? ৪

# ভোলা সরকারি কলেজ

বিষয় কোড : 2 9 2

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

## ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১▸ নিচে দু'টি কোম্পানির তথ্য সন্নিবেশ করা হলো :

| কোম্পানি | শেয়ারপ্রতি আয় | | | শেয়ারপ্রতি বাজারমূল্য | | |
|---|---|---|---|---|---|---|
| | ১ম বছর | ২য় বছর | ৩য় বছর | ১ম বছর | ২য় বছর | ৩য় বছর |
| a | ২০ | ২৭ | ৪০ | ২০০ | ২০০ | ১৯০ |
| b | ২০ | ২০ | ২০ | ২২০ | ২৫০ | ২৭০ |

ক. অর্থায়ন কী? ১
খ. তারল্য ও মুনাফার মধ্যে ইতিবাচক সম্পর্ক, ব্যাখ্যা কর। ২
গ. কোম্পানির a অর্থায়নের কোন লক্ষটি পূরণ করেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. সম্পদ সর্বাধিকরণের লক্ষ্য বিবেচনায় কোন কোম্পানিতে বিনিয়োগ করা উচিত? বিশ্লেষণ কর। ৪

২▸ খেলনা উৎপাদনকারী প্রতিষ্ঠানের ব্যবস্থাপক শিমুল ব্যবসা সম্প্রসারণের জন্য নতুন তিনটি বিনিয়োগ ক্ষেত্র চিহ্নিত করেছেন। সেগুলো বারবিডল, মিকিমাউস ও টমক্যাট। প্রকল্পে বিনিয়োগের জন্য জনাব শিমুল ১৩% চক্রবৃদ্ধি মুনাফায় ১০ বছরের জন্য ৩০ লক্ষ টাকা 'ক' ব্যাংক হতে ঋণ করেন। তিনি ঋণকৃত টাকা টমক্যাট প্রকল্পে বিনিয়োগের জন্য প্রস্তাব করেন। পরিচালনা পর্ষদ সে প্রস্তাব প্রত্যাখ্যান করে তিনটি প্রকল্পেই বিনিয়োগের সিদ্ধান্ত গ্রহণ করেন।

ক. তারল্য কী? ১
খ. ঝুঁকি ও মুনাফার সম্পর্ক ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে বর্ণিত জনাব শিমুল অর্থায়নের কোন উৎস অর্থ সংগ্রহ করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. শিমুলের প্রস্তাব প্রত্যাখ্যান করে অর্থায়নের যে নীতি গ্রহণের সিদ্ধান্ত হয়েছে তার যৌক্তিকতা আলোচনা কর। ৪

৩▸ জনাব মেসির ১০,০০,০০০ টাকা ১০ বছরের জন্য বিনিয়োগের উদ্দেশ্যে মূলধন বাজারে গিয়ে দুইটি সিকিউরিটি পছন্দ করলেন। একটি ১২% কুপন সুদের ৪,০০০ টাকা মূল্যের ঋণপত্র এবং প্রত্যাশিত আয়ের হার ১৩%। অপরটি ৪,০০০ টাকা মূল্যের ১৩% অগ্রাধিকার শেয়ার এবং এখানে প্রত্যাশিত আয়ের হার ১২%।

ক. অগ্রাধিকার শেয়ার কী? ১
খ. ট্রেজারি বন্ডকে ঝুঁকিমুক্ত সিকিউরিটি বলা হয় কেন? ২
গ. উদ্দীপকের ঋণপত্রের প্রকৃত মূল্য কত? ৩
ঘ. জনাব মেসির কোন সিকিউরিটিতে বিনিয়োগ করা উচিত হবে? যুক্তিসহ ব্যাখ্যা কর। ৪

৪▸ জনাব রোজারিও একটি প্রতিষ্ঠানের আর্থিক ব্যবস্থাপক। প্রতিষ্ঠানের বিটার মান ১.৫, বাজার আয়ের হার ১৬% এবং ঝুঁকিমুক্ত আয়ের হার ৮%। জনাব রোজারিও ব্যক্তিগতভাবে আর্থিক বাজারে বিনিয়োগ করে থাকেন। তিনি ঝুঁকি হ্রাসের জন্য একের অধিক সিকিউরিটিতে বিনিয়োগ করতে আগ্রহী। তার বিনিয়োগকৃত সিকিউরিটিগুলোর তথ্য নিম্নরূপ :

| | সিকিউরিটি অ | সিকিউরিটি ই |
|---|---|---|
| প্রত্যাশিত আয়ের হার | ১৪% | ১৬% |
| পরিমিত ব্যবধান | ৪% | ৪.৩৫% |
| ভার | ৪০% | ৬০% |
| সিকিউরিটির সহসম্বন্ধ | –০.৮৫ | |

ক. অনিশ্চয়তা কী? ১
খ. আয় ও ঝুঁকির মধ্যে কোন ধরনের সম্পর্ক রয়েছে? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত আর্থিক প্রতিষ্ঠানের প্রয়োজনীয় আয়ের হার নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকে জনাব রোজারিও বিনিয়োগ সিদ্ধান্ত ঝুঁকি হ্রাসে সহায়ক কিনা– মূল্যায়ন কর। ৪

৫▸ আকাশ ফুডস লি. এবং শিশির ফুডস লিমিটেডের বিগত ৩ বছরের আয়ের হার নিম্নরূপ :

| প্রকল্প/বছর | | ২০১৫ | ২০১৬ |
|---|---|---|---|
| আকাশ ফুডস লি. | ১২% | ১২% | ১৪% |
| শিশির ফুডস লি. | ১৫% | –০৩% | ১৮% |

ক. আদর্শ বিচ্যুতি কী? ১
খ. বাজার ঝুঁকিকে কেন অপরিহারযোগ্য ঝুঁকি বলা হয়? ব্যাখ্যা কর। ২
গ. আকাশ ফুডস লি. এর আয়ের আদর্শ বিচ্যুতি নির্ণয় কর। ৩
ঘ. ঝুঁকির মাত্রা বিবেচনা করে কোন কোম্পানিতে বিনিয়োগ করা যুক্তিযুক্ত হবে? মূল্যায়ন কর। ৪

৬▸ বিগত তিন বছর ধরে শীতলক্ষ্যা ও কর্ণফুলী কোম্পানির আয়ের হার নিম্নরূপ :
শীতলক্ষ্যা : ১২%, ১০%, ১৪%।
কর্ণফুলী : ২০%, ৮%, ১১%।
অধিক ঝুঁকি নিতে আগ্রহী নয় বলে জনাব রিয়াজ উভয় কোম্পানিতে সমান বিনিয়োগের সিদ্ধান্ত গ্রহণ করেন।

ক. সম্ভাবনা কী? ১
খ. ঝুঁকি ও অনিশ্চয়তার মধ্যে সম্পর্ক কীরূপ? ব্যাখ্যা কর। ২
গ. শীতলক্ষ্যা কোম্পানির আয়ের আদর্শ বিচ্যুতি নির্ণয় কর। ৩
ঘ. বিভেদাঙ্কের ভিত্তিতে জনাব রিয়াজের সিদ্ধান্তটি মূল্যায়ন কর। ৪

৭▸ মি. হিরা ১,০০,০০০ টাকা বিনিয়োগ করতে ইচ্ছুক। তাহার কাছে A ও B নামে দুইটি পরস্পর বর্জনশীল প্রকল্প রয়েছে।

প্রকল্প দুটি হতে ৫ বছরে অবচয় ও করপরবর্তী নগদ প্রবাহ হবে–

| বছর | A-প্রকল্প | B-প্রকল্প |
|---|---|---|
| ১ | ৪০,০০০/- | ২৫,০০০/- |
| ২ | ৩৫,০০০/- | ৪০,০০০/- |
| ৩ | ৩০,০০০/- | ৩০,০০০/- |
| ৪ | ২০,০০০/- | ৩৫,০০০/- |
| ৫ | ১৫,০০০/- | ১৫,০০০/- |

ক. মূলধন রেশনিং কী? ১
খ. প্রকল্প পুনর্মূল্যায়ন করা হয় কেন? ২
গ. উদ্দীপক অনুযায়ী প্রকল্প-A এর পরিশোধকাল নির্ণয় কর। ৩
ঘ. বাট্টাকৃত নগদ প্রবাহের ভিত্তিতে কোন প্রকল্পটি মি. হিরার গ্রহণ করা উচিত? মতামতসহ বিশ্লেষণ কর। ৪

৮▸ সিগমা লি. শেয়ার ইস্যু করে নতুন প্রকল্পের জন্য মূলধন সংগ্রহের সিদ্ধান্ত নেয়। কোম্পানি শেয়ারপ্রতি লভ্যাংশ ২০ টাকা, প্রত্যাশিত প্রবৃদ্ধির হার ৮% ও উপার্জন হার ১০% ঘোষণা করে। পক্ষান্তরে, হাইটেক লি. শেয়ার ইস্যুর পরিবর্তে বন্ড বিক্রি করে নতুন প্রকল্পের জন্য মূলধন সংগ্রহের সিদ্ধান্ত নেয়। কোম্পানি ১,০০০ টাকা মূল্যের বন্ড ইস্যু করে। প্রতিটি বন্ডের বাজারমূল্য ৮০০ টাকা, কুপন হার ৬০% এবং মেয়াদকাল ৫ বছর।

ক. কর্পোরেট বন্ড কী? ১
খ. অগ্রাধিকার শেয়ার হলো নিশ্চিত নিরাপদ আয়ের উৎস– ব্যাখ্যা কর। ২
গ. সিগমা কোং লিমিটেডের প্রতিটি শেয়ারের মূল্য কত? ৩
ঘ. জনাব জামান একজন বিনিয়োগকারী। তিনি বিনিয়োগ করতে চাইলে কোন কোম্পানিতে বিনিয়োগ করবেন? উদ্দীপকের আলোকে তা বিশ্লেষণ কর। ৪

৯▸ জনাব সাকিব একজন সরকারি কর্মচারী। তিনি দিনাজপুর শহরের সুইহারী এলাকায় ২০,০০,০০০ টাকায় একটি জমি ক্রয় করতে ইচ্ছুক। তাই তিনি ১০% সুদে বার্ষিক কিস্তিতে ৪ বছরের জন্য আস্থা ব্যাংক থেকে ঋণ গ্রহণের প্রস্তাব দেয়। যাহার প্রথম কিস্তি পরবর্তী মাসের ঋণ গ্রহণের তারিখ পরিশোধ করতে হবে।

ক. অগ্রিম অ্যানুইটি কী? ১
খ. বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণে কেন অর্থের সময়মূল্য বিবেচনা করতে হয়? ২
গ. উদ্দীপক অনুযায়ী জনাব সাকিব প্রতিবারে কী পরিমাণ অর্থ আস্থা ব্যাংককে পরিশোধ করবে? ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত জনাব রাকিবের ঋণের প্রতিটি কিস্তির সুদ ও আসলের পরিমাণ নির্ণয় কর। ৪

১০▸ জনাব অপু তার পুরাতন গাড়ি বিক্রি করে ৫,০০,০০০ টাকা পেলেন যা গড়াই ব্যাংকে ১০ বছরের জন্য স্থায়ী হিসাব খুলে জমা রাখার সিদ্ধান্ত নিলেন। তিনি জানতে পারলেন, পদ্মা ব্যাংকে জমা রাখলে ৫ বছর শেষে ৭,০০,০০০ টাকা পাবেন এবং গড়াই ব্যাংকে রাখলে ৪ বছর শেষে ৬,৫০,০০০ টাকা পাবেন।

ক. মিশ্র নগদ প্রবাহ কী? ১
খ. বাট্টাকরণ পদ্ধতি ও চক্রবৃদ্ধিকরণ পদ্ধতির মধ্যে কী কোনো সম্পর্ক আছে, ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের আলোকে পদ্মা ব্যাংকের সুদের হার কত? ৩
ঘ. জনাব অপুর কোন ব্যাংকে হিসাব খোলা অধিক যুক্তিসংগত হবে বলে তুমি মনে কর? সুদের হারের ভিত্তিতে বিশ্লেষণ কর। ৪

১১▸ জনাব আকরাম ৫ বছর পর একটি মোটরসাইকেল কিনতে ইচ্ছুক। ৫ বছর পর মোটরসাইকেলটির বাজারমূল্য হবে ১,৫০,০০০ টাকা। তার বাবা এই লক্ষ্যে সোনালী ব্যাংকে ৭০,০০০ টাকা এখন জমা রাখতে চায়। সোনালী ব্যাংক ১২% সুদ দেয়, যা মাসিক ভিত্তিতে চক্রবৃদ্ধিকরণ করা হয়।

ক. বৃত্তি কী? ১
খ. ৬৯ বিধিটি বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকের আলোকে কার্যকরী সুদের হার নির্ণয় কর। ৩
ঘ. মেয়াদ শেষে জনাব আকরাম কী মোটরসাইকেলটি কিনতে সক্ষম হবে? গাণিতিকভাবে যুক্তি প্রদর্শন কর। ৪

# দিনাজপুর সরকারি কলেজ

বিষয় কোড : 2 9 2

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

## ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১▶ সোহাগ ৫ বছর পর একটি মোটরসাইকেল কিনতে ইচ্ছুক। ৫ বছর পর মোটরসাইকেলটির বাজারমূল্য হবে ১,৫০,০০০ টাকা। তার বাবা এই লক্ষ্যে জনতা ব্যাংক পিএলসি এ ৭০,০০০ টাকা এখন জমা রাখতে চায়। জনতা ব্যাংক পিএলসি ১২% সুদ দেয় যা মাসিক ভিত্তিতে চক্রবৃদ্ধিকরণ কর হয়।

ক. বৃত্তি কী? ১
খ. '৬৯ বিধিটি' বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকের আলোকে কার্যকরী সুদের হার নির্ণয় কর। ৩
ঘ. মেয়াদ শেষে সোহাগ কী মোটরসাইকেলটি কিনতে সক্ষম হবে? গাণিতিকভাবে যুক্তি প্রদর্শন কর। ৪

২▶ পদ্মা পিএলসি একটি পোশাক প্রস্তুতকারী প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি বুড়িগঙ্গা নদীর তীরে অবস্থিত। প্রতিষ্ঠানটির বর্জ্য ও দূষিত পানি নদীতে পড়ায় পানি, বায়ু ও মাটি দূষিত হয়ে পরিবেশের ক্ষতি করেছে। পরিবেশ রক্ষার জন্য প্রতিষ্ঠানটির কর্তৃপক্ষ একটি পানি পরিশোধন যন্ত্র ক্রয় করার সিদ্ধান্ত নিয়েছে। যন্ত্রটি ক্রয় করার জন্য ১০ কোটি টাকার প্রয়োজন এবং এর আয়ুষ্কাল ২০ বছর। প্রতিষ্ঠানটি সরকারকে যথারীতি কর প্রদান করে ও নদীর তীরে বনায়ন প্রকল্প হাতে নেয়।

ক. অর্থায়ন কী? ১
খ. পোর্টফোলিও নীতি কেন গ্রহণ করা হয়? ব্যাখ্যা কর। ২
গ. প্রতিষ্ঠানটির পানি পরিশোধনকারী যন্ত্র ক্রয় অর্থায়নের কোন কার্যাবলির অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত পদ্মা পিএলসি এর কার্যক্রম অর্থায়নের কোন ধারণার সাথে সম্পৃক্ত? বিশ্লেষণ কর। ৪

৩▶ জনাব শাহীন অবসর ভাতা বাবদ ২,০০,০০০ টাকা পেলেন। উক্ত টাকা তিনি ৫ বছরের জন্য রূপালী ব্যাংক পিএলসি এ জমা রাখলে, রূপালী ব্যাংক পিএলসি তাকে ৩,৭০,০০০ টাকা দেওয়ার প্রস্তাব করে। অন্যদিকে, সোনালী ব্যাংক পিএলসি ৮ বছরের জন্য জমা রাখলে, সোনালী ব্যাংক পিএলসি তাকে ৫,০০,০০০ টাকা দেওয়ার প্রস্তাব করে।

ক. অর্থের সময়মূল্য কী? ১
খ. '৭২ বিধি' বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের আলোকে রূপালী ব্যাংক পিএলসি এর সুদের হার কত? ৩
ঘ. জনাব শাহীন সুদের হারের ভিত্তিতে কোন ব্যাংকে টাকা জমা রাখলে বেশি লাভবান হবেন? তোমার মতামত দাও। ৪

৪▶ জনাব রহিম এবং জনাব করিম দু'জনই পাইকারি ব্যবসা করেন। জনাব রহিম কাপড়ের ব্যবসা করেন। অন্যদিকে জনাব করিম একই সাথে কাপড় এবং জুতার ব্যবসা করেন। জনাব করিম মনে করেন একটি ব্যবসায় ক্ষতি হলে অন্য ব্যবসা দিয়ে যেন তা পুষিয়ে নেয়া যায়। জনাব রহিম বেশি মুনাফার আশায় হাতে অল্প কিছু নগদ অর্থ রেখে সম্পূর্ণ বিনিয়োগ করেন।

ক. মুনাফা সর্বাধিকরণ কী? ১
খ. তারল্য বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
গ. জনাব করিম অর্থায়নের কোন নীতি অনুসরণ করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব রহিমের বিনিয়োগ সিদ্ধান্ত ব্যবসায়ে কী প্রভাব ফেলতে পারে? বিশ্লেষণ কর। ৪

৫▶ জনাব সাইফুদ্দিন তার অলস অর্থ বন্ডে বিনিয়োগ করতে চাইছেন। তিনি বন্ড বাজার অনুসন্ধান করে ২টি বন্ড নির্বাচন করেন। উভয় বন্ডের অভিহিত মূল্য ১,০০০ টাকা। প্রত্যাশিত আয়ের হার ১০%। বন্ড দু'টির তথ্য নিচে দেওয়া হলো :

| বন্ড | কুপন সুদের হার | বাজারমূল্য | মেয়াদ | পরিপক্ব মূল্য |
|---|---|---|---|---|
| A | ১২% | ১,১০০ টাকা | – | ১,০০০ টাকা |
| B | – | ৬০০ টাকা | ১২ বছর | ১,৫০০ টাকা |

ক. কুপন বন্ড কী? ১
খ. কার্যকরী মূলধন ধারণাটি আলোচনা কর। ২
গ. A বন্ডের চলতি আয়ের হার নির্ণয় কর। ৩
ঘ. বন্ডের বর্তমান মূল্য বিবেচনায় জনাব সাইফুদ্দিনের কোন বন্ডে বিনিয়োগ করা উত্তম? বিশ্লেষণ কর। ৪

৬▶ যমুনা পিএলসি ১ জুলাই ২০২৫ তারিখে ৮ বছর মেয়াদি বন্ড বাজারে ছেড়েছে যার লিখিত মূল্য ২,০০০ টাকা। কুপন রেট ১৫%। বার্ষিক ভিত্তিতে সুদ প্রদান করে এবং বন্ড থেকে প্রয়োজনীয় আয় হার ১৬%।

ক. শেয়ার কী? ১
খ. মর্টগেজ বন্ড বলতে কী বোঝায়? ২
গ. যমুনা পিএলসি এর বন্ডের মূল্য নির্ণয় কর। ৩
ঘ. যদি আয়ের হার বৃদ্ধি পেয়ে ১৮% হয় এবং বন্ডের বাজারমূল্য ২,৪০০ টাকা হয় তখন বন্ডটি ক্রয়ের যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৭▶ জনাব সুমন করতোয়া পিএলসি এর আর্থিক ব্যবস্থাপক। তিনি A ও B প্রকল্পের একটিতে বিনিয়োগ করবেন। তার প্রারম্ভিক মূলধন ৬০,০০০ টাকা। প্রকল্প দু'টির নগদ আন্তঃপ্রবাহ নিম্নরূপ :

| প্রকল্প | বছর-১ | বছর-২ | বছর-৩ | বছর-৪ |
|---|---|---|---|---|
| A | ৩০,০০০ | ২০,০০০ | ৩০,০০০ | ১৫,০০০ |
| B | ২৫,০০০ | ৩০,০০০ | ২০,০০০ | ১০,০০০ |

করতোয়া পিএলসি এর মূলধন ব্যয় ১০%। [যেখানে ১ টাকার বর্তমান মূল্য প্রথম বছর ০.৯০৯। দ্বিতীয় বছর ০.৮২৬। তৃতীয় বছর ০.৭৫১ এবং চতুর্থ বছর ০.৬৮৩]

ক. মূলধন বাজেটিং কী? ১
খ. মূলধন রেশনিং বলতে কী বোঝায়? ২
গ. B প্রকল্পের পরিশোধকাল নির্ণয় কর। ৩
ঘ. নিট বর্তমান মূল্য পদ্ধতি ব্যবহার করে কোন প্রকল্প গ্রহণ করবেন? তোমার মতামতের সপক্ষে যুক্তি দাও। ৪

৮▶ পদ্মা কোম্পানির ৩ বছরের নগদ আন্তঃপ্রবাহ যথাক্রমে ৪৪,০০০ টাকা, ৪৫,০০০ টাকা এবং ৬৫,০০০ টাকা। কর্পোরেট করের হার ৪০%। ভগ্নাবশেষ মূল্য ৫,০০০ টাকা এবং প্রারম্ভিক বিনিয়োগের পরিমাণ ৫০,০০০ টাকা। উল্লেখ্য যে, সুযোগ ব্যয়ের হার ১৮%।

ক. সুযোগ ব্যয় কী? ১
খ. পরস্পর বর্জনশীল প্রকল্প বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
গ. পদ্মা কোম্পানির মূলধন ফেরতকাল নির্ণয় কর। ৩
ঘ. গড় আয়ের হারের (ARR) ভিত্তিতে কর্ণফুলী কোম্পানির বিনিয়োগ সিদ্ধান্তটি মূল্যায়ন কর। ৪

৯▶ সুমাইয়া সিকিউরিটিতে বিনিয়োগে ইচ্ছুক। সে বাজার থেকে ২টি সিকিউরিটির তথ্য সংগ্রহ করেছে। বিগত ৩ বছরের আয়ের হার নিম্নরূপ :

| বছর | সিকিউরিটি A (আয়ের হার) | সিকিউরিটি B (আয়ের হার) |
|---|---|---|
| ১ | ১০% | ১২% |
| ২ | ১৫% | –৮% |
| ৩ | ৫% | ২০% |

ক. বাজার ঝুঁকি কী? ১
খ. "সরকারি বন্ডে বিনিয়োগ ঝুঁকি নাই"– ব্যাখ্যা কর। ২
গ. সিকিউরিটি A এবং সিকিউরিটি B এর গড় আয়ের হার নির্ণয় কর। ৩
ঘ. উভয় সিকিউরিটিতে ব্যবধানাংক নির্ণয় কর। কোন সিকিউরিটিতে বিনিয়োগ উত্তম এবং কেন? ৪

১০▶ মি. সাজ্জাদ হোসেন দেশের বিভিন্ন অর্থনৈতিক অবস্থা চিন্তা করে দু'টি স্টকে বিনিয়োগ করার সিদ্ধান্ত গ্রহণ করলেন। নিম্নে দু'টি স্টকের সম্ভাবনা বিন্যাস ও আয়ের হার দেওয়া হলো :

| অর্থনৈতিক অবস্থা | সম্ভাবনা বিন্যাস | আয়ের হার | |
|---|---|---|---|
| | | স্টক 'ক' | স্টক 'খ' |
| ভালো | ০.২৫ | ২০% | ১৫% |
| স্বাভাবিক | ০.৫০ | ৩০% | ৩৫% |
| খারাপ | ০.২৫ | ১০% | ১২% |

ক. পোর্টফোলিও কী? ১
খ. আয় ও ঝুঁকির মধ্যে কী ধরনের সম্পর্ক রয়েছে? ব্যাখ্যা কর। ২
গ. মি. সাজ্জাদ হোসেনের স্টক 'খ' এর আদর্শ বিচ্যুতি নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে মি. সাজ্জাদ হোসেনের কোন স্টকে বিনিয়োগ করা উচিত এবং কেন? মূল্যায়ন কর। ৪

১১▶ মি. শ্যামল হক জুস পিএলসি এর আর্থিক ব্যবস্থাপক। বিগত বছর প্রতিষ্ঠানটি প্রচুর পরিমাণ মুনাফা অর্জন করার কারণে শেয়ারমালিকদের বেশি করে লভ্যাংশ প্রদান করে। ফলে কোম্পানির শেয়ারের বাজারের মূল্য বৃদ্ধি পায় যা প্রতিষ্ঠানটির মূল লক্ষ্য অর্জনের একটি নির্দেশক। মি. শ্যামল অর্জিত মুনাফার একটি অংশ কর্মসংস্থান বৃদ্ধির লক্ষ্যে সরকারি তহবিলে জমা দেন। তবে প্রতিষ্ঠানের বেতন ঠিকমতো পরিশোধ করতে না পারায় কর্মীদের মধ্যে অসন্তোষ দেখা দেয়।

ক. ঝুঁকি-মুনাফা নীতি কী? ১
খ. সম্পদ সর্বাধিকরণ কেন একটি ফার্মের চূড়ান্ত লক্ষ্য হিসেবে বিবেচিত হয়? ২
গ. মি. শ্যামলের প্রতিষ্ঠানের অর্থায়নের স্বরূপ ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব শ্যামলের ক্ষেত্রে অর্থায়নের সামাজিক দায়বদ্ধতা মূল্যায়ন কর। ৪

# ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ, মোমেনশাহী

বিষয় কোড : 2 9 2

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট — **ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন** — পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১ ▸ মি. আজিজ একজন ব্যবসায়ী। তিনি ৮ বছর যাবৎ প্রতি বছরের শেষে ট্রাস্ট ব্যাংক হতে ১৫,০০০ টাকা গ্রহণ করতে চান। বার্ষিক ১১% হার সুদে ট্রাস্ট ব্যাংকের সাথে চুক্তিবদ্ধ হন। অন্যদিকে মি. তারেক একজন লেখক। তিনি প্রকাশকের কাছ থেকে দুটি প্রস্তাব পান। প্রথম প্রস্তাবটি হলো তিনি এককালীন ১৫,০০,০০০ টাকা গ্রহণ করতে পারেন। দ্বিতীয় প্রস্তাবটি হলো আগামী ৫ বছর পর্যন্ত প্রত্যেক মাসের শেষে ৩০,০০০ টাকা গ্রহণ করতে পারেন। সুযোগ ব্যয় ১২%।

ক. বার্ষিক বৃত্তি কী? ১
খ. অগ্রিম বার্ষিক বৃত্তি বলতে কী বোঝায়? ২
গ. মি. আজিজকে বর্তমানে ট্রাস্ট ব্যাংকে কত টাকা জমা রাখতে হবে? ৩
ঘ. মি. তারেকের কোন প্রস্তাবটি গ্রহণ করা উচিত? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

২ ▸ জনাব জাওয়াদ যমুনা ব্যাংক থেকে ২,০০,০০০ টাকা ঋণ গ্রহণ করেছেন। আগামী ৪ বছর প্রতি বছর শেষে ঋণের কিস্তি পরিশোধ করবেন। বার্ষিক সুদের হার ১৫%।

ক. নামিক সুদের হার কী? ১
খ. বিধি ৬৯ বলতে কী বোঝ? ব্যাখ্যা কর। ২
গ. জনাব জাওয়াদের ঋণের কিস্তির পরিমাণ কত হবে? ৩
ঘ. জনাব জাওয়াদের একটি ঋণ পরিশোধ সূচি প্রস্তুত কর। ৪

৩ ▸ মিস. মোহনা একটি তৈরি পোশাক রপ্তানিকারক প্রতিষ্ঠানের ব্যবস্থাপক। বর্তমানে তৈরি পোশাকের বিদেশে ভালো চাহিদা থাকায় প্রতিষ্ঠান লাভবান হয় এবং তিনি শেয়ারমালিকদের অনেক লভ্যাংশ প্রদান করেন। ফলে প্রতিষ্ঠানটির শেয়ারের বাজারমূল্য অনেক বৃদ্ধি পায়। মিস মোহনা প্রতিষ্ঠানের অর্জিত মুনাফার একটি অংশ ফেনীর বন্যা দুর্গতদের প্রদান করেন। কিন্তু এতে তার প্রতিষ্ঠানের কর্মচারীর বোনাস প্রদানে সমস্যা দেখা দেয়।

ক. তারল্য কী? ১
খ. সরকারি অর্থায়ন বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকের প্রতিষ্ঠানটি কোন লক্ষ্যের দিকে এগিয়ে যাচ্ছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. "তৈরি পোশাক রপ্তানিকারক প্রতিষ্ঠানটি সামাজিক দায়বদ্ধতা পুরোপুরি বাস্তবায়ন করতে পারেনি।" উক্তিটির সাথে কি তুমি একমত? যুক্তি দাও। ৪

৪ ▸ মি. ফাহিম একজন বিনিয়োগকারী। তিনি 'ক' ও 'খ' কোম্পানির বন্ডের মধ্যে কোনটিতে বিনিয়োগ করবেন সে বিষয়ে সিদ্ধান্ত নিতে চান। বন্ড দুটির তথ্যাবলি নিম্নরূপ :

| কোম্পানি | অভিহিত মূল্য | কুপন সুদের হার | মেয়াদপূর্তি সময় | প্রয়োজনীয় আয়ের হার | বাজারমূল্য |
|---|---|---|---|---|---|
| ক | ১,০০০ | ১৬% | ১৫ বছর | ১২% | ১,৩০০ |
| খ | ১,০০০ | ১৩% | ১০ বছর | ১০% | ১,১০০ |

ক. চিরস্থায়ী বন্ড কী? ১
খ. ট্রেজারি বন্ডকে ঝুঁকিমুক্ত সিকিউরিটি বলা হয় কেন? ২
গ. 'ক' কোম্পানির বন্ডটির বর্তমান মূল্য কত? ৩
ঘ. মি. ফাহিমের জন্য কোন কোম্পানির বন্ডে বিনিয়োগ করা অধিক লাভজনক হবে? মতামত দাও। ৪

৫ ▸ মাহিম সাহেব তার উপার্জিত অর্থ দুটি সিকিউরিটি A ও B তে বিনিয়োগ করেছেন যথাক্রমে ৩০% ও ৭০% হারে এবং সিকিউরিটির প্রত্যাশিত আয় ও পরিমিত ব্যবধান ছিল নিম্নরূপ :

| সিকিউরিটিসমূহ | প্রত্যাশিত আয় | পরিমিত ব্যবধান | সহ-সম্বন্ধ |
|---|---|---|---|
| A | ৭% | ৯% | $r_{AB}$ = ১ |
| B | ১২% | ৭% | |

ক. মার্কেট বিটার আদর্শ মান কত? ১
খ. CAPM বলতে কী বোঝ? ব্যাখ্যা কর। ২
গ. মাহিম সাহেবের পোর্টফোলিও আয়ের হার নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকে সিকিউরিটি দুটির সহ-সম্বন্ধ +১ হতে –১ হলে পোর্টফোলিও ঝুঁকির ওপর কী প্রভাব পড়বে তা বিশ্লেষণ কর। ৪

৬ ▸ সান কোম্পানির আর্থিক ব্যবস্থাপক নাফিজ সাহেব ৫,০০,০০০ টাকা বিনিয়োগের কথা ভাবছেন। তিনি একটি প্রকল্প নির্বাচন করেছেন যার আয়ুষ্কাল ৫ বছর। তিনি তার প্রকল্পের করপরবর্তী নিট মুনাফা হিসেবে যথাক্রমে ২১,০০০ টাকা, ৩৫,০০০ টাকা, ৫৬,০০০ টাকা, ৭০,০০০ টাকা এবং ৫৬,০০০ টাকা প্রত্যাশা করেছেন। কর হার ৩০% এবং বিনিয়োগের সুযোগ ব্যয় ১০%।

ক. মূলধন বাজেটিং কাকে বলে? ১
খ. পরস্পর বর্জনশীল প্রকল্প বলতে কী বোঝ? ২
গ. সান কোম্পানির প্রকল্পের নিট বর্তমান মূল্য নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকের প্রকল্পটির অভ্যন্তরীণ আয়ের হার নির্ণয় কর। ৪

৭ ▸ জনাব ইয়াসিন শেয়ারবাজারে বিনিয়োগ করার লক্ষ্যে দুটি শেয়ারের সম্ভাব্য আয় ও আয়ের সম্ভাবনার তথ্য সংগ্রহ করলেন। তথ্যসমূহ নিচে দেওয়া হলো :

| অর্থনৈতিক অবস্থা | স্টক-A | | স্টক-B | |
|---|---|---|---|---|
| | সম্ভাবনা | আয়ের হার | সম্ভাবনা | আয়ের হার |
| খারাপ | ০.৩০ | ১৫% | ০.৩০ | ১৫% |
| স্বাভাবিক | ০.৩০ | ৫% | ০.৪০ | ৩৫% |
| ভালো | ০.৪০ | ২৫% | ০.৩০ | ২৫% |

ক. আর্থিক ঝুঁকি কাকে বলে? ১
খ. ঝুঁকি ও মুনাফার মধ্যে কীরূপ সম্পর্ক বিদ্যমান?– ব্যাখ্যা কর। ২
গ. স্টক-A এর আদর্শ বিচ্যুতি নির্ণয় কর। ৩
ঘ. জনাব ইয়াসিনের কোন স্টকে বিনিয়োগ করা উচিত? সিদ্ধান্ত দাও। ৪

৮ ▸ জনাব আজাদ ৪ বছর পর ৭০,০০০ টাকা পাওয়ার আশায় বর্তমানে কিছু টাকা ব্যাংকে জমা রাখতে চান। IFIC ব্যাংক বার্ষিক ১২% হারে সুদ প্রদানের প্রস্তাব দিয়েছে এবং মধুমতী ব্যাংক ১১.৫% হারে মাসিক চক্রবৃদ্ধি সুদের প্রস্তাব দিয়েছে।

ক. অর্থের সময়মূল্য কী? ১
খ. চক্রবৃদ্ধির সংখ্যা বাড়তে থাকলে ভবিষ্যৎ মূল্যের ওপর কী প্রভাব পড়বে? ২
গ. জনাব আজাদ ৪ বছর পর ৫০,০০০ টাকা পেতে চাইলে IFIC ব্যাংকে তাকে কত টাকা জমা রাখতে হবে নির্ণয় কর। ৩
ঘ. জনাব আজাদের জন্য কোন ব্যাংকে টাকা জমা রাখা লাভজনক হবে? মতামত দাও। ৪

৯ ▸ মি. আশরাফ ও মি. আমিন তাদের জমানো কিছু টাকা শেয়ারবাজারে বিনিয়োগ করার সিদ্ধান্ত নিল। মি. আশরাফ তার সমস্ত টাকা দিয়ে একটিমাত্র কোম্পানির শেয়ার ক্রয় করল। অন্যদিকে, মি. আমিন তার পুঁজি দিয়ে পাঁচটি কোম্পানির শেয়ার ক্রয় করল।

ক. অর্থায়ন কী? ১
খ. সম্পদ সর্বাধিকরণ কোম্পানির মূল লক্ষ্য হওয়া উচিত– ব্যাখ্যা কর। ২
গ. মি. আশরাফ বিনিয়োগের ক্ষেত্রে অর্থায়নের কোন নীতিটি অনুসরণ করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে শেয়ারবাজারে বিনিয়োগের ক্ষেত্রে কার বিনিয়োগকে অধিক যৌক্তিক বলে তুমি মনে কর? ৪

১০ ▸ মি. আসাদ একজন ব্যবসায়ী। তিনি মূলধন বাজারে বিনিয়োগ করতে আগ্রহী। তার হাতে দুটি বন্ড রয়েছে। যেমন–

| বন্ড | লিখিত মূল্য | সুদের হার | মেয়াদকাল | তলবমূল্য | বাজারমূল্য |
|---|---|---|---|---|---|
| A কোম্পানি | ৫,০০০ | ১২% | ১০ বছর | ৫,৫০০ | ৫,৮০০ |
| B কোম্পানি | ৫,০০০ | ১৫% | ১০ বছর | ৫,৬০০ | ৬,০০০ |

ক. কুপন সুদের হার কী? ১
খ. কুপন রেট বন্ডের আয়ের ওপর কী প্রভাব ফেলে? ২
গ. A কোম্পানির বন্ডের ইল্ড টু কল নির্ণয় কর। ৩
ঘ. মি. আসাদের A কোম্পানি ও B কোম্পানির বন্ডের মধ্যে কোন কোম্পানিতে বিনিয়োগ করা উচিত? মতামত দাও। ৪

১১ ▸ ডেল্টা কোম্পানির ৩ বছরের নগদ আন্তঃপ্রবাহ যথাক্রমে ৬৪,০০০ টাকা, ৭০,০০০ টাকা এবং ৮৫,০০০ টাকা। কর্পোরেট করের হার ৩০%। ভগ্নাবশেষ মূল্য ১০,০০০ টাকা এবং প্রারম্ভিক বিনিয়োগের পরিমাণ ১,৩০,০০০ টাকা। সুযোগ ব্যয়ের হার ২০%।

ক. সুযোগ ব্যয় কী? ১
খ. পে-ব্যাক সময় পদ্ধতি কী? বুঝিয়ে লেখ। ২
গ. ডেল্টা কোম্পানির মূলধন ফেরতকাল নির্ণয় কর। ৩
ঘ. গড় আয়ের হারের ভিত্তিতে ডেল্টা কোম্পানির বিনিয়োগ সিদ্ধান্তটি মূল্যায়ন কর। ৪